

লেখকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

HSC সৃজনশীল

কম্বড
হাজ

টু টেস্ট
পেপারস

যুক্তিবিদ্যা

প্রথম পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। লাবনির বাবা এইচএসসি অধ্যয়নকালে তার একটি বিষয় ছিল যা তাকে খুবই আনন্দ দিত। কারণ প্রকৃত অর্থে সৃজনশীল বলতে যা বোঝায় তিনি এ বিষয়টি পড়ে তা পেয়েছেন। তিনি চান, লাবনিও উচ্চ মাধ্যমিকে বিষয়টি পড়ুক। বিষয়টি বুদ্ধিবৃত্তিকে যেমন শানিত করে, তেমনি এর ব্যবহারিক দিকও রয়েছে।
- ক. যুক্তিবিদ্যার জনক কে? ১
খ. 'চিন্তা যুক্তিবিদ্যার আলোচ্য বিষয়' কেন? ২
গ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি তোমার পাঠ্যক্রমের কোন বিষয়কে নির্দেশ করছে? বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকে যে দুটি দিকের ইঙ্গিত রয়েছে তা ব্যাখ্যা কর। ৪
- ২। ঈশিতা বলল, 'কোনো মানুষ নয় জান্নী।'
অর্পিতা বলল, 'কিছু কিছু মানুষ হয় ধনী।'
ক. Terminus শব্দের অর্থ কী? ১
খ. পিতা-পুত্র সাপেক্ষ পদ কেন? ২
গ. উদ্দীপকে ঈশিতার বক্তব্য কোন ধরনের যুক্তিবাক্যকে নির্দেশ করে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. ঈশিতা ও অর্পিতার বক্তব্য পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। দৃশ্যকল্প-১ :



দৃশ্যকল্প-২ :




দৃশ্যকল্প-৩ :



প্রজ্বলিত
= ব্যাপ্য
অপ্রজ্বলিত
= অব্যাপ্য


- ক. পদের ব্যাপ্যতা কী? ১
খ. যুক্তিবাক্যের জন্য 'সংযোজক' গুরুত্বপূর্ণ- বুঝিয়ে লেখ। ২
গ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের যুক্তিবাক্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাপ্যতার নিয়মের আলোকে দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-৩ বিশ্লেষণ কর। ৪
- ৪। দৃষ্টান্ত-১ : ম্যাডাম ইরিতা বললেন, "মানুষই একমাত্র জীব যে তার নিজস্ব চিন্তাশক্তি, বিচারশক্তি দিয়ে জগতে শ্রেষ্ঠত্বের প্রমাণ দিয়েছে।"
দৃষ্টান্ত-২ : ম্যাডাম জয়িতা এ কথাটির সাথে যুক্ত করলেন, "মানুষ বন্ধুবৎসল, রুচিশীল এবং সামাজিক জীবও বটে।"
দৃষ্টান্ত-৩ : স্যার ইফফাত বললেন, "সকল মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন।"
ক. জাতি কী? ১
খ. কোন ধরনের যুক্তিবাক্যে বিধেয়ক থাকে? ২
গ. দৃষ্টান্ত-৩ এ কোন ধরনের বিধেয়ক রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর বক্তব্য পৃথক কেন? বিধেয়কের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫।



- ক. অনুমান কত প্রকার? ১
খ. "অনুমান এক ধরনের মানসিক প্রক্রিয়া।"- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের B অংশটি কোন বিষয়কে ইঙ্গিত করে? এর প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের A ও উদ্দীপকের B-এর মধ্যে বৈসাদৃশ্য মূল্যায়ন কর। ৪

৬।



- ক. অমাধ্যম অনুমানে কয়টি যুক্তিবাক্য থাকে? ১
খ. মধ্যপদ সিদ্ধান্তে থাকে না কেন? ২

- গ. উদ্দীপকে 'A' অংশের মধ্যপদের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'A' এবং 'B' অংশের মধ্যকার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৭। যুক্তি-১ : কোনো মানুষ নয় ফেরেশতা।

∴ কোনো ফেরেশতা নয় মানুষ।

যুক্তি-২ : সকল ধার্মিক হয় সুখী।

∴ সকল সুখী ব্যক্তি হয় ধার্মিক।

- ক. আশ্রয়বাক্য কী? ১
খ. কোন নিয়ম লঙ্ঘন করলে চতুষ্পদজনিত অনুপপত্তি ঘটে? ২
গ. যুক্তি-১ এ আবর্তনের কোনো নিয়ম লঙ্ঘিত হয়েছে কি? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তি-২ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? আবর্তনের নিয়মানুসারে বিশ্লেষণ কর। ৪

৮। পারিবারিক সমঝোতা, শ্রদ্ধাবোধ ও বিশ্বাস ছাড়া সংসার টিকে থাকা দায়। শরীফ ও শারিকার পারিবারিক দ্বন্দ্ব সংসারে ভাঙন ধরে। তারা আলাদা বসবাস করতে থাকে। তৃতীয় পক্ষ মি. সোবহানের মাধ্যমে তাদের মধ্যে সমঝোতা হয় এবং তারা পুনরায় সংসারের স্বাভাবিক জীবনে ফিরে আসে।

- ক. প্রধান আশ্রয়বাক্য কী? ১
খ. সহানুমানকে মাধ্যম অনুমান বলা হয় কেন? ২
গ. মি. সোবহান সাহেবের ভূমিকা সহানুমানের কোন পদের সাথে তুলনাযোগ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. শরীফ, শারিকা ও মি. সোবহান সহানুমানের কোন কোন পদের ভূমিকায় রয়েছেন? তাদের মধ্যে আন্তঃসম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৯। ঘটনা-১ : আবীর তার বন্ধু ইমরানের বাবার মৃত্যুর সময় সন্ডুনা দিতে গিয়ে বলে, "দেখ তোমার বড় আঁকা, দাদা, চাচা মারা গিয়েছেন ঠিক তেমনি আমার দাদা ও মা মারা গিয়েছেন। এমনকি আমি এবং তুমিও একদিন মারা যাব। মনকে শক্ত করতে হবে। কারণ এটিই প্রকৃতির নিয়ম।"

ঘটনা-২ : দিনের পরে রাত হয়।

- ক. কারণ কী? ১
খ. আরোহ অনুমানের সিদ্ধান্ত বিশেষক নয় কেন? ২
গ. ঘটনা-১ এ নির্দেশিত বিষয়টি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ঘটনা-১ ও ঘটনা-২ আরোহ অনুমানের সিদ্ধান্ত গ্রহণে কীভাবে সহায়তা করে? এ সম্পর্কে তোমার মতের বহিঃপ্রকাশ ঘটান। ৪

১০। উদ্দীপকটি পড় ও উত্তর দাও :



- ক. আরোহ কী? ১
খ. কারণ ও শর্ত কি একই? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নির্দেশিত বিষয়টির যথার্থতা বিচার ও মূল্যায়ন কর। ৪

১১। দৃষ্টান্ত-১ : সকল মানুষ হয় মরণশীল।

সকল শিক্ষক হয় মানুষ।

অতএব, সকল শিক্ষক হয় মরণশীল।

দৃষ্টান্ত-২ : সকল রাজা হয় মরণশীল।

কিছু মানুষ নয় রাজা

অতএব, কিছু মানুষ নয় মরণশীল।

- ক. প্রধান পদ কী? ১
খ. সহানুমানের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২
গ. দৃষ্টান্ত-২-এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২-এর মধ্যে পার্থক্য দেখাও। ৪

রাজশাহী বোর্ড ২০২৪

ৱা q KW 1 2 1

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। মানুষের আছে বুদ্ধিবৃত্তি, যা অন্য কোনো জীবের মধ্যে নেই। বুদ্ধিবৃত্তির জন্য মানুষ চিন্তা করার ক্ষমতা রাখে। সত্যকে অনুসন্ধান করে, অজানা বিষয়গুলোকে জানার চেষ্টা করে। এই বুদ্ধিবৃত্তিকে জ্ঞানের একটি শাখা সঠিকভাবে পরিচালনা করে বাস্তব জীবনে প্রয়োগ করার কলাকৌশল শিক্ষা দেয়।

- ক. যুক্তিবিদ্যা কী? ১
খ. যুক্তিবিদ্যাকে কেন আদর্শমূলক বিজ্ঞান বলা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি বাস্তব জীবনে প্রয়োগের প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ৪

২। **দৃষ্টান্ত-১ :** সকল ফুল হয় সুন্দর।
দৃষ্টান্ত-২ : টি, বই, খাতা, উহ!

ক. শব্দ কত প্রকার? ১
খ. শব্দ কখন পদে পরিণত হয়? ২
গ. দৃষ্টান্ত-১ দ্বারা পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ ও দৃষ্টান্ত-১-এর মধ্যে পার্থক্য পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। **যুক্তি-১ :** কিছু ফল নয় সুস্বাদু।
যুক্তি-২ : কোনো গরু নয় দ্বিপদ প্রাণী।
যুক্তি-৩ : কিছু মানুষ হয় সুখী।

ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. যুক্তিবাক্য ও অবধারণের দুটি পার্থক্য লেখ। ২
গ. যুক্তি-১-এ কোন যুক্তিবাক্যের প্রয়োগ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে যুক্তি-২ ও যুক্তি-৩-এ প্রকাশিত যুক্তিবাক্যসমূহের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪। **দৃশ্যকল্প-১ :** তমাল একজন 'বিনয়ী', 'সৎ' ও 'দয়ালু' ব্যক্তি। এজন্য তিনি সর্বত্রই প্রশংসিত।


দৃশ্যকল্প-২ :

খেলোয়াড়
খেলোয়াড় + নিয়মানুবর্তিতা
খেলোয়াড় + নিয়মানুবর্তিতা
+ পরিশ্রমী

খেলোয়াড় + নিয়মানুবর্তিতা +
পরিশ্রমী খেলোয়াড় + নিয়মানুবর্তিতা
খেলোয়াড়

- ক. পদ কাকে বলে? ১
খ. কখন একটি পদ অব্যাপ্য হয়? ২
গ. দৃশ্যকল্প-১-এ “ ” চিহ্নিত শব্দগুলো কোন ধরনের পদ? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ পদের যে সম্পর্কের ইঙ্গিত রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৫।



- ক. বিধেয় কাকে বলে? ১
খ. কোন ধরনের যুক্তিবাক্যে বিধেয়ক থাকে না? ২
গ. উদ্দীপকে 'প্রাণী' পদটি কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'A'-এর সাথে 'B' ও 'C'-এর পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬। **উদ্দীপক-১ :** প্রাণীর অন্তর্ভুক্ত হলো মানুষ, কুকুর, ছাগল, ঘোড়া ইত্যাদি। তাদের মধ্যে মানুষ হয় 'বুদ্ধিবৃত্তিসম্পন্ন'— যা তাকে অন্যান্য সমাজতীয় উপজাতি থেকে পৃথক করে রাখে।

উদ্দীপক-২ : মিসেস কবিতা একজন প্রভাষক। কলেজের যেকোনো সাংস্কৃতিক অনুষ্ঠান তিনি দক্ষতার সাথে পরিচালনা করেন। ১৯৬৬ সালের ২ জুন রাজশাহীর এক সম্ভ্রান্ত পরিবারে তাঁর জন্ম হয়।

- ক. বিধেয়ক কত প্রকার? ১
খ. বিধেয়ক কোনো পদ নয় কেন? ২

গ. উদ্দীপক-১ কোন ধরনের বিধেয়ককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২-এ যে দুটি বিধেয়ককে নির্দেশ করে তাদের পার্থক্য আলোচনা কর। ৪

৭। **যুক্তি-১ :** সব কবি হয় মানুষ।
∴ সব মানুষ হয় কবি।
যুক্তি-২ : সকল মানুষ হয় মরণশীল।
সকল গায়ক হয় মানুষ।
∴ সকল গায়ক হয় মরণশীল।

ক. সরল আবর্তন কাকে বলে? ১
খ. চতুষ্পদজনিত অনুপপত্তি কখন ঘটে? ২
গ. যুক্তি-১ এর আবর্তন প্রক্রিয়াটি কি বৈধ? বিশ্লেষণ কর। ৩
ঘ. অবরোধ অনুমানের প্রকারভেদ অনুসারে যুক্তি-২ ও যুক্তি-১ এর পার্থক্য নিরূপণ কর। ৪

৮। **উদাহরণ-১ :** কিছু আম হয় টক। —I
∴ কিছু টক হয় আম। —I


উদাহরণ-২ : সকল ফুল হয় সুন্দর। —A
∴ কোনো ফুল নয় অ-সুন্দর। —E

ক. মাধ্যম অনুমান কী? ১
খ. অমাধ্যম অনুমান প্রকৃত অনুমান নয় কেন? ২
গ. উদাহরণ-১ কোন ধরনের অমাধ্যম অনুমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদাহরণ-১ ও উদাহরণ-২ বর্ণিত অমাধ্যম অনুমানের নিয়মাবলি বর্ণনা কর। ৪

৯। সকল বাঘ হয় প্রাণী—A
কোনো বিড়াল নয় বাঘ—E
∴ কোনো বিড়াল নয় প্রাণী—E


ক. অনুমান কী? ১
খ. সহানুমাণে মধ্যপদের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে কোন ধরনের মাধ্যম অনুমানের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'বাঘ', 'প্রাণী' ও 'বিড়াল' পদসমূহের আন্তঃসম্পর্ক পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০।



ক. আরোহের বস্তুগত ভিত্তি কী কী? ১
খ. আরোহের কুটাভাস বলতে কী বোঝ? ২
গ. '?' চিহ্নিত স্থানে আরোহের কোন ভিত্তিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' ও 'খ'-এ দুটি বিষয়ের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১১।



ক. কারণ কী? ১
খ. কারণ ও শর্তের সম্পর্ক লেখ। ২
গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন দিকটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টির যথার্থতা বিচার কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু দুই বন্ধুর কথোপকথন।


১ম বন্ধু : যে বিষয় পড়লে সুসংবদ্ধ, সুশৃঙ্খল ও সুনিশ্চিত জ্ঞান লাভ করা যায় সে বিষয় আমার পছন্দ।

২য় বন্ধু : যে বিষয় পড়লে জ্ঞানকে বাস্তব জীবনে কাজে লাগানো যায় তেমন বিষয় আমার পছন্দ।

- ক. যুক্তিবিদ্যা কী? ১
খ. যুক্তিবিদ্যা ভাষায় প্রকাশিত চিন্তা সম্পর্কীয় বিজ্ঞান- বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে ১ম বন্ধুর বক্তব্যে নির্দেশিত বিষয় পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দুই বন্ধুর বক্তব্যের আলোকে বিশ্লেষণ কর যে, “যুক্তিবিদ্যা সকল বিজ্ঞানের সেরা বিজ্ঞান।” ৪

২। দৃশ্যকল্প-১ : নূর সাহেব ‘একজন শিক্ষক’, ‘একজন স্বামী’ ও ‘একজন পিতা’।

দৃশ্যকল্প-২ :



- ক. পদ কী? ১
খ. সকল শব্দই কি পদ? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ চিহ্নিত শব্দগুলো কোন ধরনের পদ? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ পদের যে সম্পর্কের ইঙ্গিত রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৩।




দ্রষ্টব্য : [চিত্র-ক] = ব্যাপ্য

[চিত্র-খ] = অব্যাপ্য]

- ক. পদের ব্যাপ্যতা কী? ১
খ. কোন যুক্তিবাক্যের উদ্দেশ্যপদ ব্যাপ্য? ব্যাখ্যা কর। ২
গ. পদের ব্যাপ্যতার দিক থেকে চিত্র-খ কোন ধরনের যুক্তিবাক্যকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-ক ও চিত্র-গ পরস্পর থেকে কীভাবে ভিন্ন? ব্যাপ্যতার আলোকে বিশ্লেষণ কর। ৪


৪।




- ক. বিধেয়ক কী? ১
খ. কোন যুক্তিবাক্যে বিধেয়ক থাকে না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ‘ফুল’ পদটি কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিধেয়কের আলোকে ফুলের সাথে ‘গোলাপ’ ও ‘সূর্যমুখী’-এর সম্পর্ক আলোচনা কর। ৪

৫। তথ্য-১ : সকালে প্রকৃতি কুয়াশাচ্ছন্ন থাকলে শীতের তীব্রতা বাড়বে।

তথ্য-২ :



তথ্য-৩ :



- ক. অনুমান কত প্রকার? ১
খ. কোন অনুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্যের চেয়ে বেশি ব্যাপক? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে তথ্য-১ তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে তথ্য-২ এবং তথ্য-৩ এ প্রতিফলিত অনুমানের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৬। রাইয়ান ২০২৪ সালের ২ ডিডেম্বর ‘ক’ জেলার ‘খ’ স্থানে জন্মগ্রহণ করেন। তিনি চমৎকার গান করেন, ছবি আঁকেন এবং অবসরে সাহিত্য চর্চা করেন।

- ক. পরমতম জাতি কাকে বলে? ১
খ. লক্ষণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে প্রথম অংশে কোন ধরনের বিধেয়কের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিধেয়কের আলোকে রাইয়ানের গুণাবলি বিশ্লেষণ কর। ৪
৭। সকল দার্শনিক হয় মানুষ।
∴ সকল মানুষ হয় দার্শনিক।
ক. অমাধ্যম অনুমান কী? ১
খ. অবরোহ অনুমানের সিদ্ধান্ত কম ব্যাপক কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অমাধ্যম অনুমানের কোন প্রকারকে ইঙ্গিত করেছে তার নিয়মগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের অনুমান প্রক্রিয়াটি বৈধ হওয়া সম্ভব কিনা তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। যুক্তি-১ : কিছু কবি হন বাস্তববাদী।

∴ কিছু বাস্তববাদী হন কবি।

যুক্তি-২ : সকল কবি হন শিক্ষিত।

সকল দার্শনিক হন শিক্ষিত।

∴ সকল দার্শনিক হন কবি।

যুক্তি-৩ : সকল মানুষ হয় মরণশীল।

নূরজাহান হয় মানুষ।


∴ নূরজাহান হয় মরণশীল।

ক. সহানুমান কী? ১
খ. সহানুমানে তিন-এর অধিক পদ থাকলে কোন ধরনের অনুপপত্তি ঘটে? ব্যাখ্যা কর। ২

গ. যুক্তি-১ এ কোন ধরনের অবরোহ অনুমানকে প্রতিফলিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-২ ও যুক্তি-৩ এর মধ্যে কোনটি অবৈধ এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৯।



- ক. বহুকারণবাদ কী? ১
খ. অবরোহের কুটাভাস বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের ‘খ’ চিহ্নিত স্থানের আলোকে ব্যাখ্যা কর যে, “প্রতিটি ঘটনারই একটি কারণ আছে।” ৩
ঘ. উদ্দীপকের ছকে ‘ক’ চিহ্নিত বিষয়টি “একটি সার্বিক ও সার্বজনীন নিয়ম”-তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১০। দৃশ্যকল্প-১ : সকল গাছ হয় মরণশীল।

দৃশ্যকল্প-২ :

ছক-১

গুণ

ক

খ

ছক-২

পরিমাণ

গ

ঘ

- ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. যুক্তিবিদ্যার আলোচনায় একটি যুক্তিবাক্যের গুরুত্ব অপরিমিত- ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ ‘মরণশীল’ পদটি ‘গাছ’ সম্পর্কে কীভাবে একটি নতুন তথ্য প্রদান করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এর ছক-১ ও ছক-২ একত্রে যুক্তিবাক্যের যে শ্রেণিবিন্যাস নির্দেশ করে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১।



- ক. কারণ কী? ১
খ. কারণ ও শর্ত কি এক? ব্যাখ্যা কর। ২
গ. ছকে কোন মতবাদটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকের মতবাদটি কি গ্রহণযোগ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। রিয়াদ তার বন্ধু শিমুলের নিকট পরামর্শ চাইল কীভাবে একজন সফল মত্স্য খামারি হওয়া যাবে। শিমুল বলল, যেকোনো বিষয়েরই কিছু নির্ধারিত ও সুশৃঙ্খল পদ্ধতি এবং নিয়মকানুন রয়েছে। প্রথমেই তা তোমাকে জানতে হবে। তাদের কথা শুনে মুশফিক বলল, যেকোনো বিষয়ের কেবলমাত্র পদ্ধতি ও নিয়মকানুন জানলেই হবে না, সেই সাথে উক্ত পদ্ধতি ও নিয়মকানুন বাস্তবে প্রয়োগ করার ব্যবহারিক কৌশল জানতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে।
- ক. যুক্তিবিদ্যা কী? ১
খ. যুক্তিবিদ্যাকে কি একটি আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা যায়? ২
গ. উদ্দীপকে শিমুলের বক্তব্যে কোন বিষয়টি নির্দেশিত হয়েছে? সে বিষয়ের সাথে যুক্তিবিদ্যার সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিমুল ও মুশফিকের বক্তব্যে নির্দেশিত বিষয় দুটির সাথে যুক্তিবিদ্যার পারস্পরিক সম্পর্ক আলোচনা কর। ৪
- ২। **দৃষ্টান্ত-১ :** পাখি, ফুল, সুন্দর, মিষ্টি, গোলাপ।
দৃষ্টান্ত-২ : পিতা-মাতা, দাদা-দাদি, ছাত্র-শিক্ষক।
দৃষ্টান্ত-৩ : বাহ! বাহ!, কী চমৎকার!, সাবাস!।
- ক. পদ কী? ১
খ. এবং, একটি, খুব— এই শব্দগুলোকে সহপদযোগ্য শব্দ বলা হয় কেন? ২
গ. দৃষ্টান্ত-২ এ নির্দেশিত পদগুলো কোন প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-৩ এ নির্দেশিত শব্দগুলোর মধ্যে পার্থক্য আলোচনা কর। ৪
- ৩। **দৃষ্টান্ত-১ :** শিক্ষক ক্লাসে তাঁর শিক্ষার্থীদের বললেন, কোন জাতি বা শ্রেণি সম্পর্কে বিস্তারিত জানতে হলে যেমন তার সংখ্যার দিকটি আমাদের জানা প্রয়োজন হয়; তেমনি সে জাতি বা শ্রেণির সাধারণ ও আবশ্যিকীয় গুণের দিকটিও জানা প্রয়োজন।
দৃষ্টান্ত-২ : মাসুম সাহেব তার ত্রীকে বললেন, কোনো কিছুই পরিমাণগত পরিবর্তন ঘটলে তার গুণগত পরিবর্তনও ঘটে। যেমন— একসময় আমাদের দেশে জনসংখ্যা কম ছিল; কিন্তু তখন সং ও ভালো মানুষের সংখ্যা বেশি ছিল। অথচ বর্তমানে জনসংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে; কিন্তু সং ও ভালো মানুষের সংখ্যা কমে যাচ্ছে।
- ক. গুণবাচক পদ কী? ১
খ. জাত্যর্থ ও জাত্যর্থক পদ কি একই অর্থবোধক? ২
গ. দৃষ্টান্ত-১ এ শিক্ষকের বক্তব্যে পদের কোন দুটি দিক নির্দেশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ এ মাসুম সাহেবের বক্তব্যে পদের যে দুটি পারস্পরিক সম্পর্ক নির্দেশিত হয়েছে, পাঠ্যবইয়ের আলোকে তা আলোচনা কর। ৪
- ৪। আশিক তার বন্ধু সিয়ামকে বলল, “কোনো কাক নয় সাদা।” তা শুনে সিয়াম বলল, “সকল কাক হয় কালো।” তাদের কথা শুনে শিমুল বলল, “কিছু পাখি হয় কালো।”
- ক. পদের ব্যাপ্তি কী? ১
খ. বিশেষ নঞর্থক যুক্তিবাক্যের বিধেয় পদটি ব্যাপ্য হয় কেন? ২
গ. উদ্দীপকে সিয়ামের বক্তব্যে নির্দেশিত যুক্তিবাক্যে পদের ব্যাপ্যতা দেখাও। ৩
ঘ. উদ্দীপকে আশিক ও শিমুলের বক্তব্যে নির্দেশিত যুক্তিবাক্যে পদের ব্যাপ্যতার মধ্যে তুলনা কর। ৪
- ৫। সাদিকা তার বোন আলভীকে বলল, “সকল গোলাপ হয় সুগন্ধি।” সাদিকার কথা শুনে আলভী বলল, “তুমি কোন ফুল পছন্দ কর?” তাদের কথা শুনে আয়েশা বলল, “কিছু গোলাপ নয় লাল।”
- ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. একটি যুক্তিবাক্যে সংযোজকের প্রয়োজন আছে কি? ২
গ. উদ্দীপকে আলভীর বক্তব্যে নির্দেশিত বাক্যটি যুক্তিবাক্য নয় কেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সাদিকা ও আয়েশার নির্দেশিত যুক্তিবাক্য দুটির মধ্যে কী ধরনের পার্থক্য বিদ্যমান? তা বিশ্লেষণ কর। ৪
- ৬। আভিয়ার সাহেব বললেন, “কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদ ১৯৪৮ সালের ১৩ নভেম্বর জন্মগ্রহণ করে।” আভিয়ার সাহেবের কথা শুনে তার বন্ধু আফজাল সাহেব বললেন, “হুমায়ূন আহমেদ একজন নাট্যকার, সদা হাস্যোজ্জ্বল, সদালাপী এবং প্রকৃতিপ্রেমী ব্যক্তি ছিলেন।” তাদের কথা শুনে জাহিদ সাহেব বললেন, “সকল মানুষ হয় মরণশীল জীব।”
- ক. বিধেয়ক কী? ১
খ. বিধেয় ও বিধেয়কের মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? ২
গ. উদ্দীপকে জাহিদ সাহেবের বক্তব্যে কোন বিধেয়ক নির্দেশিত হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আভিয়ার সাহেব ও আফজাল সাহেবের বক্তব্যে নির্দেশিত বিধেয়ক দুটির মধ্যে পার্থক্য আলোচনা কর। ৪
- ৭। **দৃষ্টান্ত-১ :** সকল দার্শনিক হন মেধাবী। সুতরাং সকল মেধাবী মানুষ হন দার্শনিক।
দৃষ্টান্ত-২ : সকল বক হয় সাদা। সুতরাং, কিছু সাদা পাখি হয় বক।
- ক. অনুমান কী? ১
খ. বাক্যের আবর্তন করা যায় না কেন? ২
গ. দৃষ্টান্ত-১ এ কোন প্রকারের আবর্তন নির্দেশিত হয়েছে? তার প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও ২ এ নির্দেশিত আবর্তনে কী ধরনের পার্থক্য বিদ্যমান? তা বিশ্লেষণ কর। ৪
- ৮। **দৃষ্টান্ত-১ :** সকল মুক্তিযোদ্ধা হন দেশপ্রেমিক। হামিদুর রহমান হয় একজন মুক্তিযোদ্ধা। সুতরাং হামিদুর রহমান হন একজন দেশপ্রেমিক।
দৃষ্টান্ত-২ : কৃষক মতিলাল হন পরিশ্রমী, কৃষক গণি মিয়া হন পরিশ্রমী, কৃষক সাদেক আলী হন পরিশ্রমী। সুতরাং সকল কৃষক হন পরিশ্রমী।
- ক. অমধ্যম অনুমান কী? ১
খ. অবরোধ অনুমানের সিদ্ধান্ত আশ্রয় বাক্য হতে কম ব্যাপক হয় কেন? ২
গ. দৃষ্টান্ত-১ এ কোন প্রকারের অনুমান নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও ২ এ নির্দেশিত অনুমানে কোন ধরনের পার্থক্য পরিলক্ষিত হয়? বিশ্লেষণ কর। ৪
- ৯। **দৃষ্টান্ত-১ :** সকল দেশি ফল হয় পুষ্টিকর। সুতরাং কোনো দেশি ফল নয় অপুষ্টিকর।
দৃষ্টান্ত-২ : কিছু ফল নয় সুগন্ধি। সুতরাং কিছু সুগন্ধি বস্তু নয় ফুল।
- ক. প্রতিবর্তন কোন ধরনের অনুমান? ১
খ. A-বাক্যের সরল আবর্তন করা যায় না কেন? ২
গ. দৃষ্টান্ত-১ এ কোন অমধ্যম অনুমান নির্দেশিত হয়েছে? তার যথার্থতা ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও ২ এ নির্দেশিত অনুমান দুটিতে কী ধরনের পার্থক্য বিদ্যমান? তা বিশ্লেষণ কর। ৪
- ১০। **যুক্তি-১ :** A-সকল পাখি হয় দ্বিপদ।
A-সকল কাক হয় পাখি।
সুতরাং A-সকল কাক হয় দ্বিপদ।
যুক্তি-২ : E-কোনো মানুষ নয় অমর।
A-সকল মানুষ হয় ছাত্র।
- অতএব, E-কোনো ছাত্র নয় অমর।
- ক. সহানুমান কী? ১
খ. যে পদটি সিদ্ধান্তে থাকে না, কেবল আশ্রয়বাক্যে থাকে সহানুমানে তার ভূমিকা কী? ২
গ. যুক্তি-১ এ নির্দেশিত যুক্তিটি কোন প্রকৃতির? তার যথার্থতা ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তি-১ ও যুক্তি-২ এর মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ১১। **দৃষ্টান্ত-১ :** হাটের ভিড়ে শারীরিক দুর্বলতা, অত্যধিক পরিশ্রম, ক্ষুধা ও তৃষ্ণা এবং গরম আবহাওয়া ইত্যাদি কারণে একটি লোকের মৃত্যু ঘটে। একজন প্রত্যাশদর্শীর মতে, সময়মতো লোকটির মাথায় পানি না দেওয়া, গুন্ডু ও পথ্য না খাওয়ানো, বাতাস না দেওয়া এবং সাথে কোনো নিকট আত্মীয় না থাকা ইত্যাদি কারণেও লোকটির মৃত্যু ঘটতে পারে।
দৃষ্টান্ত-২ : নাহিদ তার বাবাকে বলল, তাদের গ্রামে একজন মানুষ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে। নাহিদের কথা শুনে তার বাবা বললেন, যার যখন সময় সে তখন মৃত্যুবরণ করবে, সেটা পানিতে ডুবে, সড়ক দুর্ঘটনায়, অনাহারে, বিষপানে কিংবা দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে তাঁর হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে সে মারা যেতে পারে।
- ক. কারণ কী? ১
খ. কারণ কার্যের সাক্ষাৎপূর্ববর্তী ঘটনা কেন? ২
গ. দৃষ্টান্ত-১ এ লোকটির মৃত্যুর ঘটনাবলি ও প্রত্যাশদর্শীর বক্তব্যে কারণের কোন দুটি বিষয় নির্দেশিত হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ এ বাবার বক্তব্যে কারণের নির্দেশিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। **দৃশ্যকল্প-১** : মোহন এমন একটি বিষয় পাঠ করে যার লক্ষ্য হচ্ছে সত্যকে অর্জন ও মিথ্যাকে বর্জন করা। সত্যকে আদর্শ হিসেবে গ্রহণ করে কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করা।
দৃশ্যকল্প-২ : রাজন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে ইলেকট্রনিক্স বিষয়ে বিশেষ জ্ঞান অর্জন করে। পরবর্তীতে সে গ্রামে গিয়ে ইলেকট্রনিক্স সামগ্রী মেরামতের কাজ করে।
 ক. যুক্তিবিদ্যা কাকে বলে? ১
 খ. অনুমানই হলো যুক্তিবিদ্যার প্রধান আলোচ্য বিষয়- ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-১ এ মোহনের পঠিত বিষয় কোনটি? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-২ এ রাজনের কার্যক্রম যুক্তিবিদ্যার স্বরূপের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ২। **দৃশ্যকল্প-১** : কার্যকারণ, মামা-ভাগ্নে, জাতি-উপজাতি।
দৃশ্যকল্প-২ : বিদ্যালয়, দেশপ্রেমিক, বাংলাদেশ।
দৃশ্যকল্প-৩ : হায়! হায়!, মরি! মরি!, ছি! ছি!।
 ক. গুণবাচক পদ কাকে বলে? ১
 খ. সকল শব্দ পদ নয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-৩ কোন ধরনের শব্দকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ পদের যে দুটি রূপকে নির্দেশ করে তা বিশ্লেষণ কর। ৪
- ৩। দ্রব্যের মূল্য বৃদ্ধি বর্তমানে একটি জটিল সমস্যা। অর্থনীতিবিদরা মনে করেন, দ্রব্যের সরবরাহ কমে গেলে মূল্য বৃদ্ধি পায়। আবার দ্রব্যের সরবরাহ বৃদ্ধি পেলে মূল্য হ্রাস পায়। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায়, দ্রব্যের সরবরাহ স্বাভাবিক থাকার পরও মূল্য বৃদ্ধি পেয়েছে।
 ক. পদ কাকে বলে? ১
 খ. একটি পদ কেন অব্যাপ্য হয়? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে পদের কোন সম্পর্কের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যতিক্রমের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৪। **দৃশ্যকল্প-১** : কোনো অন্যায্যকারী নয় শ্রদ্ধেয়।
দৃশ্যকল্প-২ : সকল কবি হয় ভাববিলাসী।
দৃশ্যকল্প-৩ : কিছু ধনী ব্যক্তি নয় দানশীল।
 ক. অবধারণ কাকে বলে? ১
 খ. যুক্তিবাক্যে সংযোজকের ভূমিকা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-১ কোন ধরনের যুক্তিবাক্য? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এ নির্দেশিত যুক্তিবাক্যের তুলনামূলক আলোচনা কর। ৪
- ৫। সাইফুল শরীয়তপুর জেলায় ৫ জুলাই জন্মগ্রহণ করে। সে তার বন্ধুদের সাথে পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গেল। ভ্রমণের সময় মাঝ নদীতে তারা ঝড়ের কবলে পড়ে। অবশেষে মাঝির বুদ্ধিমত্তায় ও বিচক্ষণতায় তারা নিরাপদে তীরে আসতে পারল।
 ক. বিধেয়ক কাকে বলে? ১
 খ. কোন ধরনের যুক্তিবাক্যে বিধেয়ক অনুপস্থিত থাকে? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের প্রথম বাক্যে কোন বিধেয়কের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকের শেষ বাক্যে যে বিধেয়কগুলো নির্দেশ করা হয়েছে তার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৬। **দৃশ্যকল্প-১** : সকল মানুষ হয় জীব।
দৃশ্যকল্প-২ : মাহফুজ আনাম হয় সাংবাদিক।
দৃশ্যকল্প-৩ : সকল পাখি হয় ছিপদ।
 ক. পরতম জাতি কাকে বলে? ১
 খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-১ এ 'জীব' কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এ উল্লিখিত অবান্তর লক্ষণের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪
- ৭। **দৃষ্টান্ত-১** : কোনো মানুষ নয় পরিপূর্ণ।
 আবিদ হোসেন হয় মানুষ।
 অতএব, আবিদ হোসেন নয় পরিপূর্ণ।
- দৃষ্টান্ত-২** : মেহগনি হয় মূল্যবান।
 সেগুন হয় মূল্যবান।
 শিমুল হয় মূল্যবান।
 গর্জন হয় মূল্যবান।
 অতএব, সকল গাছ হয় মূল্যবান।
 ক. অনুমান কাকে বলে? ১
 খ. অমধ্যম অনুমান প্রকৃত অনুমান নয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃষ্টান্ত-১ কোন ধরনের অনুমান? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এ নির্দেশিত অনুমানের মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৮। **দৃশ্যকল্প-১** : সকল শিল্পী হয় সংস্কৃতিবান।
 অতএব, কোনো শিল্পী নয় অ-সংস্কৃতিবান।
দৃশ্যকল্প-২ : মিশরের রাজধানী হয় কায়রো।
 অতএব, কায়রো হয় মিশরের রাজধানী।
দৃশ্যকল্প-৩ : সকল কবি হয় কল্পনাবিলাসী।
 অতএব, কিছু কল্পনাবিলাসী হয় কবি।
 ক. অমধ্যম অনুমান কাকে বলে? ১
 খ. 'O' যুক্তিবাক্যের আবর্তন সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-১ কোন ধরনের অমধ্যম অনুমান? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এর সম্পর্ক আবর্তনের আলোকে আলোচনা কর। ৪
- ৯। **দৃশ্যকল্প-১** : সকল সৈনিক হয় সাহসী।
 অতএব, সকল সাহসী ব্যক্তি হয় সৈনিক।
দৃশ্যকল্প-২ : সকল কবি হয় সৃজনশীল।
 সকল লেখক হয় সৃজনশীল।
 অতএব, সকল লেখক হয় কবি।
 ক. সহানুমান কাকে বলে? ১
 খ. চতুষ্পদী অনুপপত্তি কেন ঘটে? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-২ এর যুক্তি সহানুমানের নিয়মের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪
- ১০। সকল বাংলাদেশি হয় দেশপ্রেমিক।
 সাকিব হয় বাংলাদেশি।
 অতএব, সাকিব হয় দেশপ্রেমিক।
 ক. মধ্যম অনুমান কাকে বলে? ১
 খ. সহানুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য হতে বেশি ব্যাপক হয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে 'বাংলাদেশি' সহানুমানের কোন পদকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত তিনটি পদের আলোকে সহানুমানের গঠনপ্রণালি আলোচনা কর। ৪
- ১১।
-
- ক. আরোহের ভিত্তি কাকে বলে? ১
 খ. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি সম্পর্কে মিলের মতকে কেন আরোহের কুটাভাস বলা হয়? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে কার্যকারণ সম্পর্কিত কোন মতবাদের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত মতবাদটির গ্রহণযোগ্যতা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪


সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১।



- ক. আদর্শনিষ্ঠ বিজ্ঞান কাকে বলে? ১
 খ. অ্যারিস্টটলকে যুক্তিবিদ্যার জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে প্রশ্নচিহ্নিত (?) স্থানে নির্দেশিত বিষয়টির স্বরূপ নির্ণয় কর। ৩
 ঘ. "প্রশ্নচিহ্নিত বিষয়টির সাথে উল্লিখিত বিষয়সমূহের সম্পর্ক বেশ গভীর।"—
 উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২। দৃশ্যকল্প-১ :



- দৃশ্যকল্প-২ : সানজিদা হয় সফল উদ্যোক্তা।
 ক. পদ কাকে বলে? ১
 খ. 'আহা!' শব্দটিকে পদ-অযোগ্য শব্দ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-২ এর নিচে দাগ দেওয়া পদটি কি জাতার্থক না অজাতার্থক?
 ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-১ এর পদসমূহের পারস্পরিক সম্পর্ক ব্যক্তার্থ ও জাতার্থের
 দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ কর। ৪


৩। দৃশ্যকল্প-১ : কোনো শিক্ষক নয় মিথ্যাবাদী।

- দৃশ্যকল্প-২ : কিছু জ্ঞান হয় তাত্ত্বিক।
 দৃশ্যকল্প-৩ : কিছু ফুল নয় গন্ধযুক্ত।
 ক. সরল যুক্তিবাক্য কাকে বলে? ১
 খ. যুক্তিবাক্য ও অবধারণ এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-৩ এ কোন ধরনের যুক্তিবাক্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এ নির্দেশিত যুক্তিবাক্যের পার্থক্য ব্যাপ্যতার
 আলোকে ব্যাখ্যা কর। ৪

৪। দৃশ্যকল্প-১ : জুয়েল আইচ একজন জাদুকর ও চিত্রশিল্পী। তিনি বরিশালে ১০ এপ্রিল জন্মগ্রহণ করেন।

- দৃশ্যকল্প-২ : জুয়েল আইচ একজন বিচক্ষণ লোক ছিলেন।
 ক. আসন্নতম উপজাতি কাকে বলে? ১
 খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. দৃশ্যকল্প-২ এ নির্দেশিত গুণটি দ্বারা কোন বিধেয়কের পরিচয় পাওয়া যায়?
 ব্যাখ্যা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-১ এর দুটি বাক্যে যে দুধরনের বিধেয়কের প্রকাশ ঘটেছে তাদের
 তুলনামূলক আলোচনা কর। ৪

৫।



- ক. বিধেয়ক কাকে বলে? ১
 খ. 'কাঠবিড়ালী নয় বিড়াল'— এখানে বিধেয়ক নাই কেন? ব্যাখ্যা কর। ২
 গ. পরস্পরিক তালিকা অনুযায়ী উদ্দীপকের 'এ' কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকের 'আর' ও 'এল' হলো 'পি'—এর উপজাতি— বিধেয়কের আলোকে
 উভয়ের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬। দৃশ্যকল্প-১ : সকল নাগরিক হয় রাষ্ট্রের অধিবাসী

কিছু শ্রমিক হয় নাগরিক।
 ∴ কিছু শ্রমিক হয় রাষ্ট্রের অধিবাসী।

- দৃশ্যকল্প-২ : বাতাইলেবু হয় ভিটামিন সিয়ুক্ত
 কমলালেবু হয় ভিটামিন সিয়ুক্ত
 কাগজলেবু হয় ভিটামিন সিয়ুক্ত
 বোম্বাইলেবু হয় ভিটামিন সিয়ুক্ত
 অতএব সব লেবু হয় ভিটামিন সিয়ুক্ত।

- ক. অনুমান কাকে বলে? ১
 খ. অবরোধ অনুমানের মূল লক্ষ্য আকারগত সত্যতা বিচার করা— উক্তিটি বুঝিয়ে লেখ। ২
 গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুমান প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩
 ঘ. দৃশ্যকল্প-১ ও ২ এ যে দুধরনের অনুমান পরিলক্ষিত হয়েছে সেগুলোর
 পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৭। দৃশ্যকল্প-১ : সকল পদ হয় শব্দ।

∴ কিছু শব্দ হয় পদ।

দৃশ্যকল্প-২ : কিছু কবি নয় দার্শনিক।

∴ কিছু দার্শনিক নয় কবি।

ক. অমাধ্যম অনুমান কাকে বলে? ১

খ. প্রতিবর্তনের ক্ষেত্রে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের পরিমাণ একই থাকে কেন?
 ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের আবর্তন অনুমান প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর অনুমানটির বৈধতা বিশ্লেষণ কর। ৪

৮। দৃশ্যকল্প-১ : সব ডাক্তার হয় সহনশীল।

∴ কোনো ডাক্তার নয় অ-সহনশীল।

দৃশ্যকল্প-২ : কিছু ছাত্র হয় মনোযোগী মানুষ।

∴ কিছু মনোযোগী মানুষ হয় ছাত্র।

দৃশ্যকল্প-৩ : সব মশা হয় ক্ষতিকর।

এডিস হয় মশা।

∴ এডিস হয় ক্ষতিকর।

ক. আবর্তনীয় কাকে বলে? ১

খ. অমাধ্যম অনুমানকে প্রকৃত অনুমান বলা যায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অমাধ্যম অনুমান প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ ও ৩ এ যে অনুমানগুলো প্রকাশ পেয়েছে সেগুলোর বৈধতা
 বিশ্লেষণ কর। ৪

৯। দৃশ্যকল্প-১ : জঙ্গলের মধ্যে একটি গুহা আছে।

গুহাটির মধ্যে একটি সিংহ আছে।

∴ জঙ্গলের মধ্যে একটি সিংহ আছে।

দৃশ্যকল্প-২ : কল্পবাজার হলো পর্যটকের শহর।

কুয়াকাটা নয় কল্পবাজার।

∴ কুয়াকাটা নয় পর্যটকের শহর।


ক. সহানুমান কাকে বলে? ১

খ. সহানুমানে সিদ্ধান্ত ও আশ্রয়বাক্যের মধ্যে কীভাবে অনিবার্য সম্পর্ক প্রতিষ্ঠিত
 হয়— তা ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ সহানুমানে যে অনুপপত্তি ঘটেছে তা নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর সিদ্ধান্তে নির্দেশিত পদ দুটির সম্পর্ক সহানুমানের দৃষ্টিতে
 বিশ্লেষণ কর। ৪

১০। দৃশ্যকল্প-১ :

দৃশ্যকল্প-২ : নতুন পোশাক পরিধান করে গাড়িতে আরোহণের পরপরই গাড়িটি
 দুর্ঘটনার কবলে পতিত হলো। সুতরাং নতুন পোশাকই দুর্ঘটনার কারণ।

ক. কারণ কাকে বলে? ১

খ. কারণ ও শর্ত এক নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কারণের কোন মতবাদ পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "যেকোনো পূর্ববর্তী ঘটনাই কার্যের কারণ নয়।"— দৃশ্যকল্প-২ এর আলোকে
 তা বিশ্লেষণ কর। ৪১১। দৃশ্যকল্প-১ : প্রজনন মৌসুমে ইলিশ শিকার বন্ধ থাকায় আশা করা যায়,
 গতবারের মতো এবারও ইলিশের উৎপাদন বৃদ্ধি পাবে।দৃশ্যকল্প-২ : বাংলাদেশের মানুষ ভোজ্যতেল হিসেবে যা কিছু ব্যবহার করে
 সেগুলোর উৎস মূলত সয়াবিন, সরিষা, ধানের কুড়া, সূর্যমুখী, জলপাই ও
 কালাজিরা।

ক. আরোহের ভিত্তি কাকে বলে? ১

খ. 'আরোহমূলক উল্লেখ্যক' আরোহের প্রাণ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যপট-১ এ আরোহের আকারগত ভিত্তির কোন নীতির পরিচয় পাওয়া
 যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ নির্দেশিত কারণসংক্রান্ত মতবাদটির গ্রহণযোগ্যতা বিশ্লেষণ কর। ৪


সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। এশিয়ার শীর্ষ শত বিজ্ঞানীর তালিকা-২০২৩ প্রকাশ করেছে এশিয়ান সায়েন্টিস্ট। চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশনের পরিচালক ও শিশুদের বিজ্ঞানী সৈজুতি সাহাও এ তালিকায় স্থান পায়। সুসংবদ্ধ, সুশৃঙ্খল ও সুনির্দিষ্ট জ্ঞানের জন্য তার প্রচেষ্টা গবেষণালব্ধ তথ্য শিশু ও মানুষের কল্যাণে কৌশলে প্রয়োগে সফল হয়েছেন তিনি।
- ক. যুক্তিবিদ্যা কী? ১
খ. যুক্তিবিদ্যাকে কেন বিজ্ঞান বলা হয়? ২
গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে পাঠ্যপুস্তকের পরিধি ও বিষয়বস্তু বিশ্লেষণ কর। ৪
- ২। অস্ট্রেলিয়ার ম্যাক্সওয়েল একজন মেধাবী ক্রিকেট খেলোয়াড়। আফগানিস্তানের বিরুদ্ধে ২০১ রান করে 'বাহবা' পেয়েছেন তিনি।
- ক. পদ কী? ১
খ. যুক্তিবাক্যে সংযোজক গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের ১ম বাক্যের পদযোগ্য শব্দগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ২য় বাক্যের 'বাহবা' শব্দটি কি পদনিরপেক্ষ? যুক্তিবাক্য গঠনে পদযোগ্য ও পদনিরপেক্ষ শব্দের ভূমিকা বিশ্লেষণ কর। ৪
- ৩। শিক্ষার মান উন্নয়ন হলে কুসংস্কার হ্রাস পায় আবার শিক্ষার মান হ্রাস পেলে কুসংস্কার বৃদ্ধি পায়। তবে মাঝে এর ব্যতিক্রম ঘটে।
- ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. সকল বাক্যকে যুক্তিবাক্য বলা যায় না কেন? ২
গ. উদ্দীপকের সাথে পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত বিষয়টির যথার্থতা মূল্যায়ন কর। ৪
- ৪। দৃশ্যকল্প-১ : কিছু মানুষ হয় সাহসী।
দৃশ্যকল্প-২ : ঋতুটি হয় বর্ষাকাল।
দৃশ্যকল্প-৩ : অসহায়কে সাহায্য কর।
- ক. নিরপেক্ষ পদ কী? ১
খ. নামবাচক পদগুলো অজাতার্থক কেন? ২
গ. দৃশ্যকল্প-২ এর যুক্তিবাক্যে ব্যবহৃত পদগুলোর ব্যাপ্যতার দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-৩ এর পার্থক্য পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪
- ৫। ২০২৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান নার্গিস মোহাম্মদি। কারাবন্দি নার্গিস মোহাম্মদি ১৯৭২ সালে ইরানে জন্মগ্রহণ করেন। নার্গিস হন মানবাধিকারকর্মী, চিন্তাশীল ও সদা হাস্যপ্রিয়।
- ক. বিধেয়ক কী? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জন্ম সালটি যে বিধেয়ককে নির্দেশ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'মানবাধিকারকর্মী', 'চিন্তাশীল' ও 'সদা হাস্যপ্রিয়' গুণগুলো দ্বারা নির্দেশিত বিধেয়কগুলো বিশ্লেষণ কর। ৪
- ৬। দৃষ্টান্ত-১ : ময়না হয় মরণশীল।
দোয়েল হয় মরণশীল।
কোকিল হয় মরণশীল।
∴ সকল পাখি হয় মরণশীল।
দৃষ্টান্ত-২ : সকল প্রাণী হয় মরণশীল।
'ক' হয় প্রাণী।
∴ 'ক' হয় মরণশীল।
- ক. অনুমান কী? ১
খ. অনুমানকে মানসিক প্রক্রিয়া বলা হয় কেন? ২
গ. দৃষ্টান্ত-২ এ উল্লিখিত অনুমানটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর মধ্যে তুলনামূলক বিশ্লেষণ দেখাও। ৪
- ৭। উদাহরণ-১ : সকল প্রাণী হয় উপকারী।
কেঁচো হয় প্রাণী।
∴ কেঁচো হয় উপকারী।
উদাহরণ-২ : সকল ঘোড়া হয় চতুষ্পদ।
∴ কোনো ঘোড়া নয় অ-চতুষ্পদ।
ক. প্রতিবর্তন কী? ১
খ. '০' যুক্তিবাক্যের আবর্তন সম্ভব নয় কেন? ২
গ. উদাহরণ-২ এ উল্লিখিত অনুমানটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদাহরণ-১ ও উদাহরণ-২ এর মধ্যে পার্থক্য দেখাও। ৪
- ৮। কর্ণফুলী নদীর তলদেশে ৩.৪০ কিলোমিটার দীর্ঘ বঙ্গবন্ধু টানেল 'চট্টগ্রাম শহর' ও 'আনোয়ারা উপজেলাকে' যুক্ত করেছে। এই টানেল উভয় উপজেলার যোগাযোগ ব্যবস্থাকে সহজ করেছে।
- ক. অমধ্যম অনুমান কাকে বলে? ১
খ. চতুষ্পদী অনুপপত্তি বলতে কী বোঝ? ২
গ. 'বঙ্গবন্ধু টানেল' সহানুমানের কোন পদের সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'চট্টগ্রাম শহর' ও 'আনোয়ারা উপজেলা' পদ দুটি সহানুমানের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৯। দৃষ্টান্ত-১ : সকল পাখি হয় জীব।
∴ সকল জীব হয় পাখি।
দৃষ্টান্ত-২ : সকল কবি হয় জ্ঞানী।
সকল শিক্ষক হয় জ্ঞানী।
∴ সকল শিক্ষক হয় কবি।
ক. প্রধান পদ কাকে বলে? ১
খ. সরল আবর্তন বলতে কী বোঝ? ২
গ. দৃষ্টান্ত-১ এ উল্লিখিত বিষয়টির অনুপপত্তি নির্ণয় কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ এ নির্দেশিত অনুমানটির বৈধতা যাচাই কর। ৪
- ১০। ঘটনা-১ : আকাশে বিদ্যুৎ চমকানোর পরপরই শব্দ হয়। সুতরাং বিদ্যুৎ চমকানোই শব্দের কারণ।
ঘটনা-২ : পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে।
ক. আরোহের ভিত্তি কত প্রকার? ১
খ. প্রকৃতির ঐক্য বলতে কী বোঝ? ২
গ. ঘটনা-২ এ নির্দেশিত বিষয়টির সাথে আরোহের সম্পর্ক নির্ণয় কর। ৩
ঘ. ঘটনা-১ এ নির্দেশিত বিষয়টির গুণগত বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা কর। ৪
- ১১। দৃষ্টান্ত-১ : মা + বাবা + ভাইবোন = পরিবার।
দৃষ্টান্ত-২ :



সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। দৃশ্যকল্প-১ : রাফসান সত্যের আদর্শকে ধারণ করে জীবনযাপন করেন।

দৃশ্যকল্প-২ : সৌম্য কৃষিজ্ঞানের স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি গ্রামে গিয়ে একটি সমন্বিত কৃষি খামার গড়ে তোলেন।


ক. যুক্তিবিদ্যার জনক কে? ১

খ. যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ রাফসানের কর্মকাণ্ডে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর আলোকে যুক্তিবিদ্যার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

২।



ক. শব্দ কাকে বলে? ১

খ. 'পুত্র' কোন ধরনের পদ? ব্যাখ্যা কর। ২

গ. ছক-২ কোন ধরনের শব্দকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক-১ ও ছক-৩ এ প্রতিফলিত বিষয় দুটির পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩। বাজারে আলুর দাম বৃদ্ধি পেলে এর চাহিদা হ্রাস পায়। আবার আলুর দাম হ্রাস পেলে এর চাহিদা বৃদ্ধি পায়।




ক. নিরপেক্ষ পদ কী? ১

খ. জাত্যর্থক পদ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে পদের কোন ধরনের সম্পর্ক প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পদের অর্থের যে সম্পর্ক প্রতিফলিত হয় তার যথার্থতা যাচাই কর। ৪

৪।

ক = উদ্দেশ্য, খ = বিধেয়;  = ব্যাপ্য,  = অব্যাপ্য

ক. অবধারণ কী? ১

খ. 'I' যুক্তিবাক্যের উভয় পদ অব্যাপ্য হয় কেন? ২

গ. চিত্র-২ এ কোন ধরনের যুক্তিবাক্য নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-১ এবং চিত্র-৩ এ নির্দেশিত যুক্তিবাক্য দুটির পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫। দৃশ্যকল্প-১ : সকল শিক্ষক হয় মানুষ।

দৃশ্যকল্প-২ : ড. আমিনুল ইসলাম একজন জ্ঞানী ও বিচক্ষণ ব্যক্তি।

ক. বিধেয়ক কী? ১

খ. নঞর্থক যুক্তিবাক্যে বিধেয়ক থাকে না কেন? ২

গ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের বিধেয়ক প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এ কোন কোন বিধেয়কের নির্দেশ রয়েছে? আলোচনা কর। ৪

৬। উদ্দীপক-১ : মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী।

উদ্দীপক-২ : ড. জি. সি. দেব ১৯০৭ খ্রি. ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন দয়ালু, দানবীর ও পরোপকারী।

ক. বিধেয়ক কত প্রকার? ১

খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২

গ. উদ্দীপক-১ এ 'বুদ্ধিবৃত্তি' দ্বারা যে বিধেয়কের নির্দেশ করে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপক-২ এ নির্দেশিত বিধেয়কদ্বয় পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। দৃষ্টান্ত-১ : কিছু কুকুর নয় পোষাপ্রাণী।

∴ কিছু পোষাপ্রাণী নয় কুকুর।

দৃষ্টান্ত-২ : সকল বাঙালি হন অতিথিপরায়ণ।

আহনাফ হন একজন বাঙালি।

∴ আহনাফ হন অতিথিপরায়ণ।

দৃষ্টান্ত-৩ : বানর হয় চতুষ্পদপ্রাণী।

হরিণ হয় চতুষ্পদপ্রাণী।

খরগোশ হয় চতুষ্পদপ্রাণী।

∴ সকল পশু হয় চতুষ্পদপ্রাণী।

ক. অনুমান কী? ১

খ. অমাধ্যম অনুমান কি যথার্থ অনুমান? ২

গ. দৃষ্টান্ত-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃষ্টান্ত-২ এবং দৃষ্টান্ত-৩ এ নির্দেশিত অনুমান দুটির পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৮। যুক্তি-১ : সকল পাখি হয় ডানাযুক্ত।

∴ সকল ডানাযুক্ত প্রাণী হয় পাখি।

যুক্তি-২ : সকল কবি হয় মানবিক।

∴ কোনো কবি নয় অ-মানবিক।

যুক্তি-৩ : সকল ফল হয় পুষ্টিকর।

কাঁঠাল হয় একধরনের ফল।

∴ কাঁঠাল হয় পুষ্টিকর।

ক. অমাধ্যম অনুমান কী? ১

খ. 'I' যুক্তিবাক্যের প্রতিবর্তন ব্যাখ্যা কর। ২

গ. যুক্তি-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-২ এবং যুক্তি-৩ নির্দেশিত অবরোধ অনুমান দুটির পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯। যুক্তি-১ : কোনো জীব নয় অমর।

সকল গরু হয় জীব।

∴ কোনো গরু নয় অমর।

যুক্তি-২ : কোনো কোকিল নয় সাদা।

সকল কোকিল হয় পাখি।

∴ কোনো পাখি নয় সাদা।


ক. মাধ্যম অনুমান কী? ১

খ. চতুষ্পদী অনুপপত্তি বলতে কী বোঝ? ২


গ. যুক্তি-১ কোন অনুমানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-২ এ যে অনুপপত্তির সৃষ্টি হয়েছে তার ব্যাখ্যা দাও। ৪

১০।



QK-2




ক. আরোহের ভিত্তি কী? ১

খ. আরোহের 'কূটাভাস' বলতে কী বোঝ? ২

গ. ছক-২ এ কার্যসংক্রান্ত কোন বিষয়টি নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক-১ এর খালি ঘরে নির্দেশিত ধারণাটির ব্যাখ্যা দাও। ৪

১১।



ক. কারণ কী? ১

খ. কারণ ও শর্ত এক নয় কেন? ২

গ. উদ্দীপকে কারণ সংক্রান্ত কোন মতবাদকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত মতবাদটি কি সমর্থনযোগ্য? বিশ্লেষণ কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। **দৃশ্যকল্প-১** : “যুক্তিবিদ্যা অনুমানের নিয়মগুলো নিয়ে আলোচনা করে এবং এগুলোর সাহায্যে বৈধ যুক্তি অবৈধ যুক্তির পার্থক্য নির্ণয়ের জন্য কিছু নিয়ম নির্ধারণ করে।”

দৃশ্যকল্প-২ : যুক্তিবিদ্যা যুক্তি বিন্যাসের নিয়মাবলিকে আমাদের বাস্তব চিন্তাক্ষেত্রে প্রয়োগ করে কীভাবে সত্যকে অর্জন করা যায় সে সম্বন্ধে জ্ঞান দান করে।

- ক. যুক্তিবিদ্যার জনক কে? ১
খ. আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলতে কী বোঝ? ২
গ. দৃশ্যকল্প-২ এ যুক্তিবিদ্যার কোন স্বরূপটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-২ সম্বন্ধে যুক্তিবিদ্যার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

২। **দৃশ্যকল্প-ক** : সে বই পড়ে।

দৃশ্যকল্প-খ : “ঢাকা হয় বাংলাদেশের রাজধানী।”


- ক. গুণ অনুসারে যুক্তিবাক্যে কত প্রকার? ১
খ. সকল শব্দ পদ নয় কেন? ২
গ. উদ্দীপকের কোন দৃশ্যকল্পটিতে যুক্তিবাক্য প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দৃশ্যকল্প-ক এবং দৃশ্যকল্প-খ এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩। জার্মান বিজ্ঞানী আইনস্টাইন ১৮৭৯ সালে জন্মগ্রহণ করেন। বিশ্ববিখ্যাত এই বিজ্ঞানী অবসর সময়ে বেহালা বাজাতে ভালো বাসতেন।

বাঙালি দার্শনিক বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম অত্যন্ত বিচক্ষণ, বিচারবোধ সম্পন্ন, যুক্তি প্রদানের ক্ষমতার অধিকারী ছিলেন।

- ক. পরফিরির মতে, বিধেয়ক কয় প্রকার? ১
খ. মধ্যবর্তী জাতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ‘কাজী নজরুল ইসলামের’ চারিত্রিক বৈশিষ্ট্যের মাধ্যমে কোন প্রকারের বিধেয়কটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ‘আইনস্টাইন’-এর মাধ্যমে প্রকাশিত বিধেয়কসমূহের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৪।



- ক. একটি যুক্তিবাক্যের অপরিহার্য অংশ কয়টি? ১
খ. অবধারণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন চিত্রটি বিশেষ সদর্শক যুক্তিবাক্যকে প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাপ্যতার নিয়মানুযায়ী চিত্র-১ এবং চিত্র-২ এ প্রতিফলিত যুক্তিবাক্য দুটির পার্থক্য কর। ৪

৫। সকল বক হয় দ্বিপদ

সকল কাক হয় দ্বিপদ

অতএব, সকল কাক হয় বক।

- ক. একটি সহানুমান কয়টি যুক্তিবাক্য থাকে? ১
খ. সহানুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে বেশি ব্যাপক হয় না কেন? ২
গ. উদ্দীপকের যুক্তিটি কোন ধরনের অবরোধ অনুমানের দৃষ্টান্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের যুক্তিটির বৈধতা বিচার কর। ৪

৬।

উদাহরণ-১

সকল দার্শনিক হন জ্ঞানী
সক্রেটিস হন দার্শনিক
অতএব, সক্রেটিস হন জ্ঞানী।

উদাহরণ-২

কিছু কবি হয় দার্শনিক
অতএব, কিছু দার্শনিক হয় কবি।

- ক. একটি অমাধ্যম অনুমানে কয়টি যুক্তিবাক্য থাকে? ১
খ. সহানুমানের মধ্যপদ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উদাহরণ-২ অবরোধ অনুমানের কোন প্রকারকে প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অবরোধ অনুমানের আলোকে উদাহরণ-১ ও উদাহরণ-২ এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৭।

দৃষ্টান্ত-১

রজনীগন্ধা হয় সাদা
গন্ধরাজ হয় সাদা
বেলি হয় সাদা

অতএব, সব ফুল হয় সাদা।

দৃষ্টান্ত-২

সব ফুল হয় সাদা
রজনীগন্ধা হয় ফুল
অতএব, রজনীগন্ধা হয় সাদা।


- ক. আরোহমূলক লক্ষ কী? ১
খ. “অনুমান এক ধরনের মানসিক প্রক্রিয়া”-ব্যাখ্যা কর। ২
গ. দৃষ্টান্ত-১ কোন ধরনের অনুমানকে প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর পার্থক্য পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। **দৃশ্যকল্প-১** : ১০০ ওয়াটের ৫টি বৈদ্যুতিক বাস্তবের মিলিত আলো হিসেবে ৫০০ ওয়াটের আলো পাওয়া যায়।

দৃশ্যকল্প-২ : অক্সিজেন ও হাইড্রোজেন গ্যাস দুটিকে নির্দিষ্ট অনুপাতে একসাথে মিশালে পানি উৎপন্ন হয়।

- ক. আরোহের ভিত্তি প্রধানত কয়টি? ১
খ. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি বলতে কী বোঝায়? ২
গ. দৃশ্যকল্প-১ কার্যসমিশ্রণের কোন প্রকারকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯।



- ক. কূটভাস শব্দের অর্থ কী? ১
খ. বহুকারণ সমন্বয়বাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকটিতে কার্যকারণ তত্ত্বের কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি কি গ্রহণযোগ্য? তোমার মতামত দাও। ৪

১০। **ছক-১** : সকল মানুষ হয় প্রাণী


∴ কিছু প্রাণী হয় মানুষ।

ছক-২ : সকল মানুষ হয় জ্ঞানী

∴ সকল জ্ঞানী হয় মানুষ।

- ক. অনুমান কত প্রকার? ১
খ. প্রতিবর্তন বলতে কী বোঝায়? ২
গ. ছক-২ এ কোন প্রকারের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবর্তনের নিয়ম উল্লেখপূর্বক ছক-১ এর বৈধতা বিচার কর। ৪

১১।



- ক. বিধেয়ক কত প্রকার? ১
খ. কোন ধরনের যুক্তিবাক্য বিধেয়ক থাকে না? ব্যাখ্যা কর। ২
গ. ছকে ‘ক’ অংশ কোন বিধেয়ককে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে ‘ক’ এবং ‘খ’ দ্বারা নির্দেশিত বিধেয়ক দুটির পারস্পরিক সম্পর্ক আলোচনা কর। ৪

ঢাকা বোর্ড ২০২৩


৯৭৭১১১১

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। নিচের উদ্দীপকের সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :
- দৃশ্য-১ : ভাষা, চিন্তা, বৈধতা
দৃশ্য-২ : জ্ঞান, দক্ষতা ও প্রয়োগ
- ক. Logic শব্দের অর্থ কী? ১
খ. 'দৈনন্দিন জীবনে যুক্তিবিদ্যার প্রয়োজনীয়তা অনস্বীকার্য' - বুঝিয়ে বল। ২
গ. দৃশ্য-১ তোমার পাঠ্য কোন বিষয়কে নির্দেশ করে? ৩
ঘ. দৃশ্য-২ দ্বারা যুক্তিবিদ্যার যে বিষয়কে নির্দেশ করা হয়েছে তা বিশ্লেষণ কর। ৪
- ২। নিচের উদ্দীপকের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :
- দৃশ্য-১ : মানুষ \leftrightarrow সভ্য মানুষ \leftrightarrow মানুষ = কম-বেশি
দৃশ্য-২ : মানুষ = সকল মানুষ
- ক. জাত্যর্থ কী? ১
খ. পিতা- পদটি একটি সাপেক্ষ পদ- কেন? ২
গ. দৃশ্য-২ তোমার পাঠ্য কোন বিষয়কে নির্দেশ করে? ৩
ঘ. দৃশ্য-১ ব্যত্যর্থ ও জাত্যর্থের যে সম্পর্কে নির্দেশ করে তা বিশ্লেষণ কর। ৪
- ৩। দৃশ্যপট-১ : গীতাঞ্জলি হয় একটি কাব্যগ্রন্থ।
দৃশ্যপট-২ : যদি আকাশে মেঘ হয় তাহলে বৃষ্টি হবে।
দৃশ্যপট-৩ : সাজ্জাত হয় সৎ, না হয় বোকা।
- ক. গঠন অনুসারে যুক্তিবাক্য কত প্রকার? ১
খ. যুক্তিবাক্যের জন্য 'সংযোজক' গুরুত্বপূর্ণ - বুঝিয়ে লেখ। ২
গ. দৃশ্যপট-১-এ কোন ধরনের বাক্যের প্রকাশ পেয়েছে? ৩
ঘ. দৃশ্যপট-২ ও দৃশ্যপট-৩ তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৪। সজল বলল, "সকল মানুষ হয় এমন যাদের পৃথিবীর মায়া ত্যাগ করতে হবে একদিন।"
জামান বলল, "কোনো জীবই চিরদিন বেঁচে থাকে না।"
জাহিদ বলল, "কোনো কোনো জীব হয় এমন যারা অনেক দিন বেঁচে থাকে।"
- ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য নয় কেন? ২
গ. উদ্দীপকে জাহিদের বক্তব্য কোন বিষয়কে নির্দেশ করে? ৩
ঘ. সজল ও জামানের বক্তব্য পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করেছে? তাদের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৫। ১৯৭১ সালের ২৬শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়। এই স্বাধীনতা পাওয়ার জন্য অনেক বুদ্ধিজীবী, বিচক্ষণ ও বিচারশক্তিসম্পন্ন ব্যক্তির প্রাণ দিতে হয়েছে?
- ক. উপলক্ষণ কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. উদ্দীপকে '১৯৭১ সালের ২৬ মার্চ' কোন ধরনের বিধেয়ক নির্দেশ করে? ৩
ঘ. উদ্দীপকে 'বুদ্ধিজীবী ও বিচারশক্তি' শব্দ দ্বারা যে বিধেয়কের উল্লেখ পেয়েছে তা বিশ্লেষণ কর। ৪
- ৬। নিচের উদ্দীপকের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :
- দৃশ্য-১ : প্রাণী, মানুষ, গরু, ছাগলসহ অনেক জীবকে অন্তর্ভুক্ত করে
দৃশ্য-২ : ফর্সা, কালো ইত্যাদি
- ক. বিধেয়ক কাকে বলে? ১
খ. দ্রব্যকে পরতম জাতি বলা হয় কেন? ২
গ. দৃশ্য-২ কোন অবান্তর লক্ষণকে নির্দেশ করে? ৩
ঘ. দৃশ্য-২ দ্বারা যে দুটি বিধেয়কের নির্দেশ করা হয়েছে তাদের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪
- ৭। দৃশ্য-১ : ফুলের গন্ধ ও বাগান
দৃশ্য-২ : বেশি ব্যাপক থেকে কম ব্যাপক
দৃশ্য-৩ : বিশিষ্ট বাক্য থেকে সার্বিক বাক্য
- ক. মাধ্যম অনুমান কী? ১
খ. অবরোহ অনুমান কি সবসময় নিশ্চিত সত্যতা প্রকাশ করতে পারে? ২
গ. দৃশ্য-১ তোমার পাঠ্য কোন বিষয়কে নির্দেশ করে? ৩
ঘ. দৃশ্য-২ ও দৃশ্য-৩ তোমার পাঠ্য যে দুটি বিষয়কে নির্দেশ করে তাদের মধ্যে পার্থক্য দেখাও। ৪
- ৮। ধারণা-১ : কলম, বই, মানুষ, চতুষ্পদ
ধারণা-২ : পাখি ও মাছ, আম এবং কমলা
ধারণা-৩ : হায়, মরি!, মরি!, ওহো, ছি! ছি!
- ক. গুণবাচক পদ কী? ১
খ. সকল শব্দকে পদ বলা যায় না কেন? ২
গ. ধারণা-৩-এ কোন ধরনের শব্দকে নির্দেশ করেছে? ৩
ঘ. উদ্দীপকের ধারণা-১ ও ধারণা-২ পদের যে দুটি রূপকে নির্দেশ করে তা ব্যাখ্যা কর। ৪
- ৯। স্বপন বলল, "সকল বক হয় সাদা এবং কিছু সাদা পাখি হয় বক।"
সজল বলল, "কিছু ফুল নয় হলুদ।"
- ক. প্রতিবর্তন বলতে কী বোঝ? ১
খ. আবর্তন একটি অমাধ্যম অনুমান কেন? ২
গ. উদ্দীপকের স্বপনের বক্তব্য তোমার পাঠ্য কোন বিষয়কে নির্দেশ করে? ৩
ঘ. সজলের বক্তব্যের আবর্তন সম্ভব নয় কেন? ব্যাখ্যা দাও। ৪
- ১০। ঘটনা-১ : জনাব মাহবুব সাহেবের পঁচাত্তরতম জন্মদিন উপলক্ষে ক্রিকেট খেলার আয়োজন করে। খেলা চলাকালীন একটি আউটকে কেন্দ্র করে দুই দলের অধিনায়কের মধ্যে কথা কাটাকাটি হয় এবং খেলা বন্ধ থাকে। তখন মাহবুব সাহেব দুই দলের অধিনায়কের সাথে কথা বলে বিষয়টি সমাধান করে পুনরায় খেলা শুরু করান।
- ঘটনা-২ : মানুষ মাছ খায়
মাছ পোকা খায়
∴ মানুষ পোকা খায়।
- ক. সহানুমান বলতে কী বোঝ? ১
খ. প্রতিটি সহানুমানে তিনটি পদ থাকতে হয় কেন? ২
গ. মাহবুব সাহেবের ভূমিকা সহানুমানের কোন পদের সাথে তুলনা করা যায়? ৩
ঘ. ঘটনা-২-এ যে ধরনের অনুপপত্তি ঘটেছে তা ব্যাখ্যা কর। ৪
- ১১। দৃশ্যপট-১ : এক চিমটি লবণ + এক মুঠো গুড় + আধাকোজি পানি = হাতে তৈরি খাবার স্যালাইন।
- দৃশ্যপট-২ :
- 
- ক. আরোহের ভিত্তি কাকে বলে? ১
খ. "প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি আরোহের আকারগত ভিত্তি"- বুঝিয়ে লেখ। ২
গ. দৃশ্য-১-এ কোন ধরনের কার্য সংমিশ্রণের প্রকাশ ঘটেছে? ৩
ঘ. দৃশ্যপট-২-এ উল্লিখিত মতবাদটির গ্রহণযোগ্যতা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট


যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।


- ১। একাদশ শ্রেণির মানবিক শাখার শিক্ষার্থী তারেক তার সহপাঠী আবিরের সাথে কথোপকথনে বলল, “যুক্তিবিদ্যা আমাদের অনুমানের নিয়মগুলো শিক্ষা দেয়, এটি যথাযথ ও সুশৃঙ্খল আলোচনা করে।” আবিব বলল, “যুক্তিবিদ্যার রয়েছে তাত্ত্বিক ও ব্যবহারিক দিক।”
- ক. যুক্তিবিদ্যার জনক কে? ১
- খ. আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলতে কী বোঝ? ২
- গ. উদ্দীপকে তারেকের বক্তব্যে যুক্তিবিদ্যার কোন স্বরূপটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে আবিবের বক্তব্য পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২।



- ক. আশ্রয়বাক্য কাকে বলে? ১
- খ. সহানুমান প্রধান পদ বলতে কী বোঝ? ২
- গ. উদ্দীপকে ছক-১ কোন প্রকারের অবরোহ অনুমানকে প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. পাঠ্যপুস্তকের আলোকে ছক-১ ও ছক-২-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৩। মাহি ১৯৯৩ সালের ২২ জুন জন্মগ্রহণ করে। সে অত্যন্ত সৌন্দর্যপ্রিয়। অপরদিকে, তার পিতা মিলন সাহেব অত্যন্ত বিচক্ষণ ও বিচারবোধসম্পন্ন ব্যক্তি।
- ক. আসন্নতম জাতি কী? ১
- খ. সমজাতীয় উপজাতি বলতে কী বোঝ? ২
- গ. উদ্দীপকে মিলন সাহেবের চারিত্রিক বৈশিষ্ট্য কোন প্রকারের বিধেয়কের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে মাহির মাধ্যমে প্রকাশিত বিধেয়কসমূহের পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৪। তথ্য-১ : সব বক হয় সাদা।
তথ্য-২ : কোনো কাক নয় সাদা।
- ক. সাপেক্ষ পদ কাকে বলে? ১
- খ. “সকল শব্দই পদ নয়”- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে তথ্য-১ কোন ধরনের যুক্তিবাক্য? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের তথ্য-১ ও তথ্য-২ এ ব্যবহৃত ‘সাদা’ পদটি ব্যাপ্যতার নিয়ম উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৫।



- ক. বিধেয়ক কত প্রকার? ১
- খ. বিভেদক লক্ষণ বলতে কী বোঝ? ২
- গ. উদ্দীপকে ‘পদার্থ’ পদটি কোন বিধেয়ককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে ‘ক’ ও ‘খ’ দ্বারা নির্দেশিত বিধেয়ক দুটির পারস্পরিক সম্পর্ক আলোচনা কর। ৪

৬।

সব বক হয় কালো।

সব কোকিল হয় কালো।

অতএব, সব কোকিল হয় কাক।

ক. একটি অমাধ্যম অনুমানের কয়টি যুক্তিবাক্য থাকে? ১

খ. সহানুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে বেশি ব্যাপক হয় না কেন? ২

গ. উদ্দীপকে সহানুমানের কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ‘কাক’, ‘কোকিল’ ও ‘কালো’ পদসমূহের আন্তঃসম্পর্ক পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪


৭। উদাহরণ-১ : সে বই পড়ে।

উদাহরণ-২ : সব ফুল হয় লাল।

উদাহরণ-৩ : কিছু ফুল হয় লাল।


- ক. যুক্তিবিদ্যায় শব্দ কত প্রকার? ১
- খ. শব্দ কখন পদে পরিণত হয়? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উদাহরণ-৩ কোন প্রকারের যুক্তিবাক্যকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. পাঠ্যপুস্তকের আলোকে উদাহরণ-১ ও উদাহরণ-২-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৮।




- ক. আরোহ কত প্রকার? ১
- খ. আরোহাত্মক লক্ষণ ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে দৃষ্টান্ত-(ক) কোন প্রকারের অনুমানকে প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দৃষ্টান্ত-(ক) ও দৃষ্টান্ত-(খ)-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯।




- ক. আরোহের ভিত্তি কয়টি? ১
- খ. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি বলতে কী বোঝ? ২
- গ. উদ্দীপকটি কার্যকারণ সম্পর্কিত কোন মতবাদটিকে প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে প্রকাশিত মতবাদটির সাথে বহুকারণবাদের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১০।



- ক. আরোহের আকারগত ভিত্তি কয়টি ও কী কী? ১
- খ. কারণের দুটি গুণগত বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ. দৃশ্যকল্প-১ কোন প্রকারের কার্যসংমিশ্রণকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দৃশ্যকল্প-২ হতে দৃশ্যকল্প-২ কীভাবে পৃথক? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১।



- ক. অবরোহ অনুমান কয় প্রকার? ১
- খ. প্রতিবর্তন বলতে কী বোঝ? ২
- গ. উদ্দীপকে ছক-২-এ কোন অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আবর্তনের নিয়ম উল্লেখপূর্বক ছক-১-এর বৈধতা বিশ্লেষণ কর। ৪

যশোর বোর্ড ২০২৩

ৱা q KW I 2 I

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। মেরী একাদশ শ্রেণিতে মানবিক শাখায় ভর্তি হয়েছে। সে বিষয় নির্বাচনের জন্য তার বড় বোন মিষ্টির পরামর্শ চায়। মেরীর কথা শুনে মিষ্টি বলল, “তুমি এমন বিষয় নির্বাচন করবে যে বিষয়ের রয়েছে নির্ধারিত ও সুশৃঙ্খল আলোচ্য বিষয় এবং আলোচ্য বিষয় ব্যাখ্যার জন্য রয়েছে পর্যাপ্ত নিয়মকানুন।” মিষ্টির কথা শুনে তার ভাই মামুন বলল, “তুমি এমন বিষয় নির্বাচন কর যে বিষয় কর্ম সম্পাদনের কলাকৌশল শিক্ষা দেয় এবং তা বৈজ্ঞানিক জ্ঞানের ওপর নির্ভরশীল হয়।”
- ক. অনুমান কাকে বলে? ১
খ. ‘যুক্তিবিদ্যার মূল লক্ষ্য সত্যতা অর্জন করা’- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মিষ্টির বক্তব্য যুক্তিবিদ্যার কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মিষ্টি ও মামুনের বক্তব্য পঠিত বিষয়ের আলোকে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ২। দৃশ্যকল্প-১ : পিতা, স্বামী, শিক্ষক।
দৃশ্যকল্প-২ : সাদা ও কালো, সকাল ও বিকাল, টক ও মিষ্টি।
দৃশ্যকল্প-৩ : সৎ ও অসৎ, মিষ্টি ও অ-মিষ্টি, দয়ালু ও অ-দয়ালু।
- ক. ফজিবিদ্যায় পদ কাকে বলে? ১
খ. সকল শব্দ পদ নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে দৃশ্যকল্প-১-এ উল্লিখিত পদগুলোর প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩-এ উল্লিখিত পদগুলোর মধ্যে পার্থক্য আলাচনা কর। ৪
- ৩। তামান্না তামিমকে বলল, ‘এক সময় দুধের উৎপাদন কম ছিল, কিন্তু দুধের গুণগত মান ভালো ছিল।’ তামান্নার কথা শুনে তামিম বলল, ‘এখন দুধের উৎপাদন অনেক বৃদ্ধি পেয়েছে, কিন্তু দুধের গুণগত মান কমে যাচ্ছে।’ তাদের কথা শুনে তাদের পিতা খালেক সাহেব বললেন, ‘মানুষ এখন স্বাস্থ্য সচেতন।’
- ক. পদের ব্যক্ত্যর্থ কাকে বলে? ১
খ. জাত্যর্থক পদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে খালেক সাহেবের বক্তব্যে ব্যবহৃত পদটি জাত্যর্থক না অজাত্যর্থক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে তামান্না ও তামিমের বক্তব্য যৌথভাবে পদের কোন বিষয়টিকে নির্দেশ করেছে তা ব্যাখ্যা কর। ৪
- ৪। রহিম তার বড় ভাই ও ছোট বোনের সাথে গ্রামের বাড়িতে বেড়াতে গেল। গ্রামের বাড়িতে গিয়ে তারা দাদার হাঁস-মুরগির খামার দেখতে গেল। রহিম বলল, “কিছু মুরগির বাচ্চা হয় লাল।” রহিমের কথা শুনে জসিম হাঁস দেখে বলল, “সকল হাঁস হয় সাদা।” রহিমের ছোট বোন লাভলী বলল, ‘কোনো হাঁস নয় মুরগি।’
- ক. ফজিবাক্য কাকে বলে? ১
খ. বাক্য ও যুক্তিবাক্য এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রহিমের উক্তি উল্লিখিত যুক্তিবাক্যের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জসিম ও লাভলীর বক্তব্যে উল্লিখিত যুক্তিবাক্যের মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? বিশ্লেষণ কর। ৪
- ৫। যুক্তি-১ : কোনো চতুষ্পদ প্রাণী নয় মানুষ।
কিছু প্রাণী হয় চতুষ্পদ।
অতএব, কিছু প্রাণী হয় মানুষ।
- যুক্তি-২ : কোনো কোকিল নয় সাদা।
অতএব, কোনো সাদা প্রাণী নয় কোকিল।
- ক. মাধ্যম অনুমান কী? ১
খ. ()-যুক্তিবাক্যের আবর্তন সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যুক্তি-২ কোন প্রকার অনুমানকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যুক্তি-১ ও যুক্তি-২-এর মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৪
- ৬। রিপন তার বন্ধু সমনকে বলল, “সকল শিক্ষার্থী হয় মেধাবী।” রিপনের কথা শুনে সুমন বলল, ‘কোনো শিক্ষার্থী নয় অ-মেধাবী।’ সুমনের কথা শুনে রাজন বলল, ‘কিছু শিক্ষার্থী হয় মেধাবী।’
- ক. পদের ব্যাপ্যতা কী? ১
খ. কোন ধরনের যুক্তিবাক্যের বিধেয় পদ অব্যাপ্য? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সুমনের উক্তিতে যুক্তিবাক্যের পদের ব্যাপ্যতা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রিপন ও রাজনের উক্তিতে উল্লিখিত যুক্তিবাক্য দুটির পদের ব্যাপ্যতার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৭। দৃশ্যকল্প-১ : ফাতেমা ২০০২ সালে ২৪ এপ্রিল ঢাকায় জন্মগ্রহণ করেন।
দৃশ্যকল্প-২ : নাবিস সাহেব সুন্দর ও পরিপাটি পোশাক পরিধান করেন।
দৃশ্যকল্প-৩ : জাকিরের একটি লাল রঙের কুকুর আছে।
- ক. বিধেয়ক কী? ১
খ. জাতিগত উপলক্ষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১-এ ‘ফাতেমার জন্মস্থান’ কোন ধরনের বিধেয়ককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩-এ নির্দেশিত বিধেয়কের মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৮। দৃশ্যকল্প-১ : হাসান বলল, “সকল মাছ পানিতে বাস করে। কাতলা এক প্রকার মাছ; সুতরাং কাতলা মাছ পানিতে বাস করে।”
দৃশ্যকল্প-২ : মালেক বলল, “কবুতর আকাশে উড়ে; কাক আকাশে উড়ে; চিল আকাশে উড়ে; সুতরাং সকল পাখি আকাশে উড়ে।”
- ক. অমাধ্যম অনুমান কাকে বলে? ১
খ. অবরোহ অনুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে কম ব্যাপক হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-২-এ মালেকের বক্তব্য কোন প্রকার অনুমানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২-এ উল্লিখিত অনুমানের মধ্যে কোন ধরনের পার্থক্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৪
- ৯। দৃষ্টান্ত-১ : কিছু মানুষ হয় সৎ।
সুতরাং কিছু মানুষ নয় অসৎ।
দৃষ্টান্ত-২ : সকল শিক্ষক হয় মানুষ।
সুতরাং সকল মানুষ হয় শিক্ষক।
- ক. প্রতিবর্তন কী? ১
খ. আবর্তনে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের পরিমাণ একই থাকে তার নাম কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে দৃষ্টান্ত-১-এ কোন প্রকার অনুমানকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দৃষ্টান্ত-১ ও উদ্দীপকে দৃষ্টান্ত-২-এ নির্দেশিত অনুমানের মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৪
- ১০। দৃষ্টান্ত-১ : কোনো মানুষ নয় নিখুঁত।
সকল মানুষ হয় প্রাণী।
অতএব, কোনো প্রাণী নয় নিখুঁত।
- দৃষ্টান্ত-২ : কোনো মানুষ নয় নিখুঁত।
সকল কৃষক হয় মানুষ।
অতএব, কোনো কৃষক নয় নিখুঁত।
- ক. অপ্রধান পদ কী? ১
খ. মধ্যপদ সিদ্ধান্তে থাকে না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে দৃষ্টান্ত-১-এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দৃষ্টান্ত-১ ও উদ্দীপকে দৃষ্টান্ত-২-এর মধ্যে মৌলিক পার্থক্য দেখাও। ৪
- ১১। জাহিদ বলল, ‘একটি লোক বিষপান করার পর মৃত্যুবরণ করল। সুতরাং ‘বিষপানই মৃত্যুর কারণ।’ জাহিদের কথা শুনে জালাল বলল, ‘আকাশে ধূমকেতু উদয়ের পর রাজা মারা গেল। সুতরাং ধূমকেতুর উদয়ই রাজার মৃত্যুর কারণ।’ জালালের কথা শুনে সামাদ বলল, ‘দিন রাতের আগে আসে, তাই দিনই রাতের কারণ।’
- ক. বহুকারণবাদ কী? ১
খ. ‘কারণ কার্যের পূর্ববর্তী ঘটনা’- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সামাদ-এর বক্তব্যের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জাহিদ ও জালালের বক্তব্যের মধ্যে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। দৃশ্যকল্প-১ : আসাদ যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে কলা গাছ থেকে সুতা তৈরির প্রশিক্ষণ নিয়ে এ বিষয়ে জ্ঞান অর্জন করে।

দৃশ্যকল্প-২ : প্রশিক্ষণ শেষে অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে সুতা দিয়ে বিভিন্ন রঙের কাপড় তৈরি করে বাজারজাতকরণের মাধ্যমে স্বাবলম্বী হয়।


- ক. যুক্তিবিদ্যা কাকে বলে? ১
খ. ফজিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১-এ যুক্তিবিদ্যার স্বরূপের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তিবিদ্যার স্বরূপের আলোকে দৃশ্যকল্প-২ মূল্যায়ন কর। ৪

২।


বই, আম	টি, টা, খানা	বাহ! আহ!
--------	--------------	----------

গুচ্ছ-১ গুচ্ছ-২ গুচ্ছ-৩

- ক. জাত্যর্থক পদ কাকে বলে? ১
খ. সকল শব্দ পদ নয় কেন? ২
গ. গুচ্ছ-২-এ প্রদত্ত শব্দগুলো কোন প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩
ঘ. গুচ্ছ-১ ও গুচ্ছ-৩-এর মধ্যকার পার্থক্য শব্দের প্রকারভেদের আলোকে ব্যাখ্যা কর। ৪



চিত্র-১



চিত্র-২


- ক. পদ কাকে বলে? ১
খ. পদের সকল গুণই কি জাত্যর্থক? ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১-এ পদের যে দিকটির ইঙ্গিত রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-১ এবং চিত্র-২-এর মধ্যে পারস্পরিক সম্পর্ক ব্যাখ্যা কর। এ সম্পর্ক কি সকল ক্ষেত্রে প্রযোজ্য? ৪

৪। ধারণা-১ : সকল কোকিল হয় কালো

ধারণা-২ : কোনো দেশপ্রেমিক নয় অসাদু

ধারণা-৩ : কিছু ফুল হয় সাদা

- ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. অবধারণ যুক্তিবাক্য নয় কেন? ২
গ. উদ্দীপকে ধারণা-২ এ প্রতিফলিত যুক্তিবাক্যের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ধারণা-১ ও ধারণা-৩-এর মধ্যকার পার্থক্য তুলে ধর। ৪



$$\% \text{১০} \text{১}, K = D \text{০} k \text{১} A L = \text{১০} \text{১}$$

$$\text{⊗} = eAcA \quad \text{○} = AeAcA$$

- ক. পদের ব্যাপ্যতা কী? ১
খ. বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ অব্যাপ্য হয় কেন? ২
গ. চিত্র-১ পদের ব্যাপ্যতা অনুসারে কোন যুক্তিবাক্যকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পদের যোগ্যতার ভিত্তিতে চিত্র-২ ও চিত্র-৩-এর মধ্যকার পার্থক্য নির্ণয় কর। ৪

৬। দৃশ্যকল্প-১ : বিড়াল হয় গৃহপালিত প্রাণী।

দৃশ্যকল্প-২ : সাবিনা একজন বিচক্ষণ অর্থনীতিবিদ।

দৃশ্যকল্প-৩ : রায়হান সাহেব ১৯৭১ সালে জন্মগ্রহণ করেন।

- ক. বিভেদক লক্ষণ কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১-এ উদ্দেশ্য ও বিধেয় পদের মধ্যকার সম্পর্ক বিধেয়কের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩-এর নিচে দাগ দেওয়া বিধেয়কগুলো কি একই প্রকৃতির? বিশ্লেষণ কর। ৪

৭। দৃশ্যকল্প-১ : বঙ্গোপসাগরের পানি হয় লবণাক্ত
ভূমধ্যসাগরের পানি হয় লবণাক্ত
লোহিত সাগরের পানি হয় লবণাক্ত
∴ সকল সাগরের পানি হয় লবণাক্ত

দৃশ্যকল্প-২ : সকল দার্শনিক হন ন্যায়পরায়ণ
রাসেল হন একজন দার্শনিক

∴ রাসেল হন ন্যায়পরায়ণ

- ক. মাধ্যম অনুমান কাকে বলে? ১
খ. অমাধ্যম অনুমানের সিদ্ধান্তে নতুনত্ব থাকে না কেন? ২
গ. দৃশ্যকল্প-১-এ কোন প্রকারের অনুমান প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. “দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ হলো পরস্পর বিপরীতমুখী অনুমান প্রক্রিয়া।”- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। যুক্তি-১ : সকল আইনজীবী হন যুক্তিবাদী

∴ কিছু যুক্তিবাদী ব্যক্তি হন আইনজীবী

যুক্তি-২ : ঢাকা হয় বাংলাদেশের রাজধানী

∴ বাংলাদেশের রাজধানী হয় ঢাকা

- ক. আবর্তন কাকে বলে? ১
খ. অমাধ্যম অনুমানকে অবরোহমূলক বলা হয় কেন? ২
গ. ফজি-১ কোন প্রকারের অমাধ্যম অনুমানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তি-১ ও যুক্তি-২-এর মূল পার্থক্য কী? বিশ্লেষণ কর। ৪

৯। দৃশ্য-১ : কিছু চিকিৎসক হন দক্ষ

∴ কিছু দক্ষ ব্যক্তি হন চিকিৎসক

দৃশ্য-২ : কিছু চিকিৎসক হন দক্ষ

∴ কিছু চিকিৎসক নন অদক্ষ

- ক. প্রতিবর্তন কাকে বলে? ১
খ. '০' বাক্যের আবর্তন কী সম্ভব? ২
গ. দৃশ্য-১-এ নির্দেশিত প্রক্রিয়াটির নিয়মাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. “দৃশ্য-১ ও দৃশ্য-২ একই প্রকৃতির নয়”- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১০। সকল প্রকৌশলী হন পরিশ্রমী

সকল কৃষক হন পরিশ্রমী

∴ সকল কৃষক হন প্রকৌশলী

- ক. অনুমান কাকে বলে? ১
খ. চতুষ্পদী অনুপপত্তি কেন ঘটে? ২
গ. উদ্দীপকে ‘প্রকৌশলী’ পদটি সহানুমানের কোন পদকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত অনুমানটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১। দৃশ্যকল্প-১ : সীমাহীন বৈচিত্র্যে পরিপূর্ণ হলেও প্রকৃতির ঘটনাপ্রবাহ একটি অখণ্ড প্রাকৃতিক নিয়ম দ্বারা নিয়ন্ত্রিত।

দৃশ্যকল্প-২ : বিশ্ব প্রকৃতিতে সংঘটিত প্রতিটি ঘটনার পশ্চাতে রয়েছে এর পূর্ববর্তী কোনো ঘটনা। কেননা নিছক শূন্য থেকে কোনো কিছু সূত্রপাত হয় না।

- ক. বহুকারণবাদ কাকে বলে? ১
খ. একটি কার্যের একাধিক শর্ত থাকে কেন? ২
গ. দৃশ্যকল্প-১-এ নির্দেশিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. “দৃশ্যকল্প-২ হচ্ছে আরোহের একটি অন্যতম আকারগত ভিত্তি”- উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২৩

www.kww121


সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। ফাইজা যুব উন্নয়ন কেন্দ্রে সেলাই প্রশিক্ষণ ক্লাসে বিভিন্ন পোশাক তৈরির তাত্ত্বিক জ্ঞান লাভ করল। পরবর্তীতে ফাইজা তার অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে পোশাক তৈরির কারখানা স্থাপন করে এবং প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করতে সক্ষম হয়।
- ক. ফজিবিদ্যা কাকে বলে? ১
- খ. 'চিন্তা যুক্তিবিদ্যার আলোচ্য বিষয়'— ব্যাখ্যা কর। ২
- গ. ফাইজার সেলাই প্রশিক্ষণের বিষয়টি যুক্তিবিদ্যার আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. ফাইজার প্রশিক্ষণ পরবর্তী কর্মকাণ্ডে যুক্তিবিদ্যার স্বরূপের যে দিকটি ফুটে উঠেছে তা বিশ্লেষণ কর। ৪
- ২। **দৃশ্যকল্প-১ :** পরাণ সরকার একজন সাদা মনের মানুষ। তিনি আপন মমতায় গাছের চারা রোপণ ও পরিচর্যা করেন।




- ক. পদ কী? ১
- খ. 'মারহাবা', 'হুররে', 'বাহ!' শব্দগুলো পদাযোগ্য কেন? ২
- গ. **দৃশ্যকল্প-১**-এ চিহ্নিত শব্দগুলো কোন ধরনের পদ তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. **দৃশ্যকল্প-২**-এ পদের যে সম্পর্কের ইঙ্গিত রয়েছে তা বিশ্লেষণ কর। ৪
- ৩।
-
- K = DGBkAc, L = WGBqC, = AeAcA, = eAcA
- ক. অবধারণ কী? ১
- খ. 'সব বাক্যই যুক্তিবাক্য নয়'— ব্যাখ্যা কর। ২
- গ. চিত্র-১ কোন যুক্তিবাক্য নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ব্যাপ্যতার দৃষ্টিকোণ থেকে চিত্র-২ ও চিত্র-৩-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৪।
- | | | | |
|---------|-----------|-------------|-----------------|
| মাংসাসী | কারিগর | নয় | প্রযুক্তিনির্ভর |
| নয় | সাংসদ | দুর্নীতিবাজ | কৃষক |
| কিছু | সকল | কোনো | কিছু |
| পশু | আইনের হয় | দেশপ্রেমিক | হয় |
- ছক-১ ছক-২ ছক-৩ ছক-৪
- ক. প্রাকল্পিক যুক্তিবাক্য কী? ১
- খ. 'সংযোজক ছাড়া যুক্তিবাক্য অসম্ভব'— ব্যাখ্যা কর। ২
- গ. ছক-১ ও ছক-২ দ্বারা যে যুক্তিবাক্য গঠন করা সম্ভব তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. ছক-৩ ও ছক-৪ দ্বারা যেসব যুক্তিবাক্য গঠন করা সম্ভব গুণ ও পরিমাণের যৌথ নীতি অনুসারে তা বিশ্লেষণ কর। ৪
- ৫। সকল মানুষ জীব। বুদ্ধির কারণেই মানুষ সর্বশ্রেষ্ঠ। ক্ষুধা, তৃষ্ণা যেমন মানুষের সহজাত তেমনি বুদ্ধিবৃত্তি গুণটিও অপরিহার্য ও অনিবার্য। মানুষের জন্মস্থান, হাসি-কান্না, সত্যতা ইত্যাদি গুণগুলো মানুষ হওয়ার জন্য অপরিহার্য নয়।
- ক. বিভেদক লক্ষণ কী? ১
- খ. 'বিধেয় ও বিধেয়ক পৃথক'— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে প্রথম বাক্যে যে বিধেয়কের ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. বিধেয়কের প্রকরণের আলোকে উদ্দীপকের শেষ বাক্যটি বিশ্লেষণ কর। ৪
- ৬। **ফজি-১ :** সকল মানুষ হয় মরণশীল
তুহিন হয় একজন মানুষ
∴ তুহিন হয় মরণশীল।
- ফজি-২ :** কমল হয় মরণশীল
তারেক হয় মরণশীল
ভাবনা হয় মরণশীল
∴ সকল মানুষ হয় মরণশীল।
- ক. অমাধ্যম অনুমান কী? ১
- খ. 'অনুমান জ্ঞান লাভে সহায়ক'— ব্যাখ্যা কর। ২
- গ. **ফজি-১**-এ কোন ধরনের অবরোধ অনুমানের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. অনুমানের প্রকারভেদের আলোকে **ফজি-১** ও **ফজি-২**-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

- ৭। **ফজি-১ :** সকল অধ্যাপক হন উচ্চশিক্ষিত
∴ কিছু উচ্চশিক্ষিত মানুষ হয় অধ্যাপক।
- ফজি-২ :** কিছু প্রাণী নয় হিংস্র
∴ কিছু হিংস্র জীব নয় প্রাণী।
- ক. প্রতিবর্তন কী? ১
- খ. A-বাক্যের সরল আবর্তন কি সম্ভব? ব্যাখ্যা কর। ২
- গ. ১নং ফজিটি কোন ধরনের আবর্তন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. **ফজি-২**-এর বৈধতা পরীক্ষা কর। ৪
- ৮। **দৃষ্টান্ত-১ :** সকল জীব হয় সংবেদনশীল
মানুষ হয় জীব
অতএব, মানুষ হয় সংবেদনশীল।
- দৃষ্টান্ত-২ :** প্রিয়া হয় শ্রেয়ার বান্ধবী
নিশি হয় প্রিয়ার বান্ধবী
অতএব, নিশি হয় শ্রেয়ার বান্ধবী।
- ক. অনুপপত্তি কী? ১
- খ. প্রতিবর্তনকে অমাধ্যম অনুমান বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. **দৃষ্টান্ত-১**-এ মাধ্যম অবরোধ অনুমানের যে ধারণার প্রতিফলন ঘটেছে তার গঠনপ্রণালি ব্যাখ্যা কর। ৩
- ঘ. **দৃষ্টান্ত-২**-এ নির্দেশিত ফজিটির বৈধতা বিচার কর। ৪
- ৯। পলাশ ও ইব্রাহিম আপন দুই ভাই। তাদের বাবার মৃত্যুর পর জমিসংক্রান্ত দ্বন্দ্ব পৃথকভাবে বসবাস করে। স্থানীয় বিচারক মোঃ আকবর আলী প্রথমে পলাশের সাথে ও পরবর্তীতে ইব্রাহিমের সাথে পৃথকভাবে আলোচনায় বসেন। এতে দুই ভাইয়ের বিবাদের অবসান ঘটে। অতঃপর পলাশ ও ইব্রাহিম একত্রে বসবাস করতে লাগল।
- ক. সহানুমানের একটি নিয়ম লেখ। ১
- খ. অবৈধ প্রধান পদজনিত অনুপপত্তি কেন ঘটে? ব্যাখ্যা কর। ২
- গ. মোঃ আকবর আলীর ভূমিকা সহানুমাণে ব্যবহৃত পদের আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. পলাশ, ইব্রাহিম ও মোঃ আকবর আলীর কথোপকথন সহানুমানের তুলনামূলক পদের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ১০।



- ক. কারণ কী? ১
- খ. কেন আরোহ অনুমানের সিদ্ধান্ত সার্বিক বাক্য হয়? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে যে বিষয়টি প্রতিফলিত হয়েছে তা কার্যকারণ তত্ত্বের আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি কি গ্রহণযোগ্য? উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪
- ১১। **দৃশ্যকল্প-১ :**



দৃশ্যকল্প-২ : অনুভা স্টেশনে যাওয়ার পথে একটা কালো বিড়াল দেখল এবং সে ট্রেন মিস করল। সুতরাং কালো বিড়াল দেখাই অনুভার ট্রেন মিস করার কারণ।

- ক. আরোহের ভিত্তি কী? ১
- খ. কারণ ও শর্ত এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. **দৃশ্যকল্প-১**-এ প্রশ্নোত্তরক স্থানে যে বিষয়ের প্রতিফলন ঘটেছে? তার ব্যাখ্যা দাও। ৩
- ঘ. **দৃশ্যকল্প-২**-এ নির্দেশিত ফজিটির বৈধতা পরীক্ষা কর। ৪

বরিশাল বোর্ড ২০২৩

ৱা q KW 1 2 1

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। ঘটনা-১ : পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা প্রভৃতি বিষয়ে আমাদের জ্ঞান অর্জন করতে বা জানতে শেখায়। এগুলো ভাষা জ্ঞানমূলক।

ঘটনা-২ : নৌবিদ্যা, সংগীত, চিত্রশিল্প ইত্যাদি আমাদের অর্জিত জ্ঞানকে প্রয়োগ করতে শেখায়। এর ভাষা হচ্ছে কর্মমূলক।

- ক. ফরজিবিদ্যা কী? ১
খ. ফরজিবিদ্যা চিন্তাবিষয়ক বিজ্ঞান কেন? ২
গ. উদ্দীপকটির ঘটনা-১ যুক্তিবিদ্যার যে দিকটির ইঙ্গিত বহন করে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ঘটনা দুটির সাথে যুক্তিবিদ্যার কোনো সম্পর্ক আছে কি? তোমার মতামত দাও। ৪

- ২। দৃষ্টান্ত-১ : টেবিল, চেয়ার, বই
দৃষ্টান্ত-২ : এবং, কিন্তু, তুমি, আহা!
দৃষ্টান্ত-৩ : বাহ!, চমৎকার!

- ক. একটি যুক্তিবাক্যে কয়টি পদ থাকে? ১
খ. সংযোজক পদ নয় কেন? ২
গ. দৃষ্টান্ত-৩ এ উল্লিখিত শব্দগুলো পদ হিসেবে ব্যবহৃত হতে পারে কি? ৩
ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর মধ্যে পাঠ্যবইয়ের আলোকে পার্থক্য দেখাও। ৪

৩। রফিক সাহেব তার দুই ছেলেকে নিয়ে চিড়িয়াখানায় বেড়াতে যান। সেখানে হরিণ দেখে নিপু বলে, “সব হরিণ হয় সুন্দর।” সামনে এগিয়ে বিপু হাতি দেখতে পেয়ে বলল, “বাহ! কী বিশাল প্রাণী!” রফিক সাহেব বললেন, হাতি হোক বা হরিণ হোক “সকল প্রাণি হয় উপকারী।”


- ক. যুক্তিবাক্য কী? ১
খ. শব্দ কখন পদে পরিণত হয়? ২
গ. রফিক সাহেবের উক্তিটি কোন ধরনের যুক্তিবাক্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিপু ও নিপুর উক্তি কি একই ধরনের? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। শিক্ষক শ্রেণিকক্ষে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বললেন, “সকল পাখি হয় জীব।” এমন সময় একজন শিক্ষার্থী দাঁড়িয়ে বলল, “কোনো কোনো পাখি কথা বলতে পারে।”

- ক. একটি যুক্তিবাক্যে কয়টি অংশ থাকে? ১
খ. অবধারণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে শিক্ষকের যুক্তিবাক্যটির পদগুলোর ব্যাপ্যতা নির্ণয় কর। ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে শিক্ষক ও শিক্ষার্থীর উক্তির মধ্যকার পার্থক্য দেখাও। ৪

৫। মিসেস শাহানা ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার প্রিয় রঙ নীল। তার মতে, কোকিল, ময়না, দোয়েল এগুলো সবই পাখি নাম শ্রেণির অন্তর্গত। তিনি গরিব-দুঃখীকে সাহায্য করেন। কেউ বিপদে পড়লে ভালো উপদেশ দেন।

- ক. বিধেয়ক কী? ১
খ. বিভেদক লক্ষণ বলতে কী বোঝ? ২
গ. মিসেস শাহানা সম্পর্কিত তথ্যগুলো কোন ধরনের বিধেয়ক? ৩
ঘ. উদ্দীপকে পাখির সঙ্গে কোকিল, ময়না এবং দোয়েলের সম্পর্ক পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪



- ক. পরতম জাতি কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. ২নং ও ৩নং ঘরের তথ্য কীভাবে পৃথক? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ১নং বিষয়টি ২নং বিষয়টির সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৪


- ৭। যুক্তি-১ যুক্তি-২
শালিক হয় প্রাণী। সকল প্রাণী হয় মরণশীল।
ময়না হয় প্রাণী। সকল বাঘ হয় প্রাণী।
কাক হয় প্রাণী। ∴ সকল বাঘ হয় মরণশীল।
∴ সকল পাখি হয় প্রাণী।

- ক. সহানুমান কী? ১
খ. আরোহ অনুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে ব্যাপক কেন? ২
গ. যুক্তি-১ এ নির্দেশিত অনুমানটির প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. ফরজি-১ এবং যুক্তি-২ এ নির্দেশিত অনুমান দুটির সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

- ৮। দৃষ্টান্ত-১ দৃষ্টান্ত-২
কিছু মানুষ নয় শান্তিপ্রিয়। সকল দেশপ্রেমিক হয় নাগরিক
∴ কিছু মানুষ হয় অ-শান্তিপ্রিয়। ∴ সকল নাগরিক হয় দেশপ্রেমিক
ক. প্রতিবর্তনের সংজ্ঞা দাও। ১
খ. O বাক্যের আবর্তন হয় না কেন? ২
গ. দৃষ্টান্ত-১ এ কোন অনুমানের নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ এর যুক্তিটির বৈধতা যাচাই কর। ৪

- ৯। দৃষ্টান্ত-১ দৃষ্টান্ত-২
মানুষ হাঁস খায় কোনো নারী নয় ফুটবলার
হাঁস ঘাস খায় প্রত্যেক ফুটবলার হয় মানুষ
∴ মানুষ ঘাস খায়। ∴ কোনো মানুষ নয় নারী।

- ক. সহানুমানের পদ কয়টি? ১
খ. মধ্যপদের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. দৃষ্টান্ত-১ এ সংঘটিত অনুপপত্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ এর সহানুমানটির বৈধতা যাচাই কর। ৪



- ক. কারণের সংজ্ঞা দাও। ১
খ. আরোহের কুটাভাস বলতে কী বোঝায়? ২
গ. চিত্র-২ এ যে বিষয়টির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-১ এ নির্দেশকৃত বিষয়টি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। ঘটনা-১ : বাবার মৃত্যুতে দিশেহারা রানাকে সাহুনা দিতে তার খালু বললেন, “দেখ তোমার দাদা, নানা, চাচা আরও অনেকে মারা গেছেন, আমিও একদিন মারা যাব, কারণ এটাই প্রকৃতির নিয়ম।”

- ঘটনা-২ : যেমন কর্ম তেমন ফল।
ক. আরোহের ভিত্তি কত প্রকার? ১
খ. কারণ ও শর্তের মধ্যে পার্থক্য দেখাও। ২
গ. ঘটনা-১ এর নির্দেশিত বিষয়টি বিশ্লেষণ কর। ৩
ঘ. ঘটনা-১ এবং ঘটনা-২ আরোহানুমানের সিদ্ধান্ত গ্রহণে কীভাবে সহায়তা করে? এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট


যুক্তিবিদ্যা প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। 'প্রকৃতি' নিয়ে দুই বন্ধুর বিশ্লেষণ :
প্রথম বন্ধু : দেখেছ, প্রকৃতি কীভাবে পরিবর্তিত হচ্ছে? কারণ তুরন্দের ভূমিকম্প হলো অতীতের পুনরাবৃত্তি এবং ভবিষ্যতেও একই রূপ হওয়ার আশঙ্কা।
দ্বিতীয় বন্ধু : হ্যাঁ, ঠিকই বলেছ। বনে বৃক্ষ নিধনও পরিবেশ ধ্বংসের কারণ।
ক. 'কূটাভাস' কী? ১
খ. 'প্রকৃতির ঐক্য' বলতে কী বোঝায়? ২
গ. প্রথম বন্ধুর বক্তব্যে আরোহের কোন ধরনের ভিত্তি উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দ্বিতীয় বন্ধুর বক্তব্যের পরিমাণগত বৈশিষ্ট্য মূল্যায়ন কর। ৪

২।




- ক. অবান্তর লক্ষণ কত প্রকার? ১
খ. বিধেয় এবং বিধেয়কের দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের 'A' চিহ্নিত স্থানে কোনটি বসবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'জীব' এবং 'মানুষ' এই দুটোর পারস্পরিক মূল্যায়ন কর। ৪

৩।

চিত্র-১		চিত্র-২	
সংখ্যা	গুণ	সংখ্যা	গুণ
A →	← B	B →	← A
A ←	→ B	B ←	→ A

- বৃদ্ধির চিহ্ন → হ্রাসের চিহ্ন ←
ক. গুণবাচক পদের একটি উদাহরণ দাও। ১
খ. 'লন্ডন' শব্দটি কোন অজ্ঞাতার্থক পদ? ২
গ. চিত্র-১ এ পদের কোন নিয়মের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-১ এবং চিত্র-২ সর্বত্র প্রযোজ্য নয় কেন? মূল্যায়ন কর। ৪

৪।




- ক. অনুমান কাকে বলে? ১
খ. 'অনুমান একটি মানসিক প্রক্রিয়া'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের 'A'তে কোন প্রকারের অনুমানের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে 'A' এবং 'B'-এর পার্থক্য মূল্যায়ন কর। ৪

- ৫। সমগ্র সৃষ্টিরাজির মধ্যে মানুষ আলাদা। কারণ তার রয়েছে জীববৃত্তি ক্ষমতার পাশাপাশি বুদ্ধিবৃত্তিক ক্ষমতা। বুদ্ধির কারণেই মানুষ চিন্তা করতে পারে। চিন্তাশক্তি বিকশিত হওয়ায় জ্ঞানচর্চার একটি স্বতন্ত্র শাখা হিসেবে মানুষ পদ্ধতিগতভাবে যুক্তি প্রদান ও যুক্তি মূল্যায়ন শুরু করেন। ঐতিহাসিকভাবে প্রমাণিত যে আজ থেকে আড়াই হাজার বছর পূর্বে বিষয়টির সূচনা হয়েছে।

- ক. ফজিবিদ্যা কাকে বলে? ১
খ. ফজিবিদ্যা কেন আদর্শনিষ্ঠ বিজ্ঞান? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি সম্পর্কে এরিস্টটলের ধারণা ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার পাঠ্যপুস্তকের আলোকে উদ্দীপকে বর্ণিত বিষয়টির পরিধি বিশ্লেষণ কর। ৪

৬।




- ক. আবর্তনের নিয়ম কয়টি? ১
খ. অমাধ্যম অনুমান কি প্রকৃত অনুমান? ২
গ. উদ্দীপকের 'A' অংশটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে 'A' এবং 'B' এর পার্থক্য কর। ৪


- ৭। দৃশ্যকল্প-১ : সকল মানুষ হয় বিচক্ষণ।
জামান হয় একজন মানুষ।
∴ জামান হয় বিচক্ষণ।
দৃশ্যকল্প-২ : সকল অশিক্ষিত ব্যক্তি হয় অন্ধ।
রহিম হয় অশিক্ষিত।
∴ রহিম হয় অন্ধ।

- ক. আবর্তন কাকে বলে? ১
খ. প্রতিবর্তনের দুটি প্রধান নিয়ম লেখ। ২
গ. দৃশ্যকল্প-১ এ মাধ্যম অনুমানের কোন প্রকরণটির ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ থেকে দৃশ্যকল্প-২ কেন পৃথক? মূল্যায়ন কর। ৪

৮।



৯।



- ক. কার্য সংমিশ্রণ কত প্রকার? ১
খ. কারণ ও শর্তের পার্থক্য কর। ২
গ. চিত্র-২ এ কিসের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-১ এ উল্লিখিত মতবাদটি কি গ্রহণযোগ্য? তোমার মতামত দাও। ৪

৯।

A	B	C
ধারণা	হয়	উদ্দেশ্য
+	নয়	+ সংযোজক
ধারণা	হন	+ বিধেয়

- ক. ফজিবাক্য কী? ১
খ. প্রাকল্পিক যুক্তিবাক্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের 'B' অংশটির ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'A' এবং 'C'-এর মধ্যে কোনো পার্থক্য আছে কি? মূল্যায়ন কর। ৪

১০। সকল প্রাণী হয় উপকারী।

- পাখি হয় প্রাণী।
∴ পাখি হয় উপকারী।
ক. সহানুমান কাকে বলে? ১
খ. সহানুমানে তিনটি পদ থাকে কেন? ২
গ. উদ্দীপকের 'প্রাণী' সহানুমানের কোন পদের নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত তিনটি পদের আলোকে সহানুমানের গঠনপ্রণালি বর্ণনা কর। ৪

১১। দৃশ্যকল্প-১ : মানুষ, পাতা, টি, টা, উ!, আহ!

- দৃশ্যকল্প-২ : সকল শিক্ষার্থী হয় ভালো।
ক. পদ কী? ১
খ. বিপরীত পদ বলতে কী বোঝায়? ২
গ. দৃশ্যকল্প-১ এ কিসের উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-২ এর মধ্যে তুলনা কর। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২৩

৯৭ KW 121

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। দৃশ্যকল্প-১ : আমরা যা ভাবি তা সবসময় সঠিক নয়। তাই সঠিক চিন্তার নিয়মানুসারে সম্পর্কিত বিষয়টি আমাদের সকলের জানা প্রয়োজন। যা আমাদেরকে ভুল-শুদ্ধ নির্ণয় করতে সহায়তা করবে।

দৃশ্যকল্প-২ : আমরা জানি, সফলতা নির্ভর করে চিন্তার যথার্থতার ওপর। চিন্তা সুশৃঙ্খল নিয়মাবলির আলোকে চর্চা করা হলে চিন্তা শুদ্ধ হয়। আর বাস্তবজীবনে শুদ্ধ চিন্তার চর্চা করেই মানুষ সফল হয় এবং ভালো থাকে।

ক. বস্তুনিষ্ঠ বিজ্ঞান কাকে বলে? ১

খ. যুক্তিবিদ্যাকে সকল কলার সেরা কলা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফজিবিদ্যার স্বরূপের আলোকে দৃশ্যকল্প-২ ব্যাখ্যা কর। ৪

২। দৃশ্যকল্প-১ : সকল বিনয়ী ব্যক্তি হয় সদালাপী।

∴ কিছু সদালাপী ব্যক্তি হয় বিনয়ী।

দৃশ্যকল্প-২ : সকল বিনয়ী ব্যক্তি হয় সদালাপী।

কিছু ছাত্র হয় বিনয়ী ব্যক্তি।

∴ কিছু ছাত্র হয় সদালাপী।

ক. অনুমান কাকে বলে? ১

খ. অবরোহ অনুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে কম ব্যাপক হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ অবরোহ অনুমানের কোন প্রকারকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অবরোহ অনুমানের আলোকে দৃশ্যকল্প-১ ও ২-এর পার্থক্য উল্লেখ কর। ৪

৩। দৃশ্যকল্প-১ : সকল পশু হয় চতুষ্পদ।

দৃশ্যকল্প-২ : পশুপাখির প্রতি সদয় হওয়া উচিত।

ক. ফজিবাক্য কাকে বলে? ১

খ. সকল অবধারণের অনুরূপ যুক্তিবাক্য নেই কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ কোন প্রকারের যুক্তিবাক্যকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও ২-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৪। দৃশ্যকল্প-১ দৃশ্যকল্প-২ দৃশ্যকল্প-৩



এখানে, উদ্দেশ্য = M, বিধেয় = N

ক. সরল বাক্য কাকে বলে? ১

খ. একটি পদ কখন অব্যাপ্য হয়? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ প্রতিফলিত বাক্যটির ব্যাপ্যতা ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাপ্যতার আলোকে দৃশ্যকল্প-২ ও ৩-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫। দৃশ্যকল্প-১ : সকল লেবু হয় ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল।

কমলা হয় এক প্রকার লেবু।

∴ কমলা হয় ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল।

দৃশ্যকল্প-২ : কমলালেবু হয় ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল।

বাতাবিলেবু হয় ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল।

কাগজিলেবু হয় ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল।

∴ সকল লেবু হয় ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল।

ক. মাধ্যম অনুমান কাকে বলে? ১

খ. অমাধ্যম অনুমান যথার্থ অনুমান নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ কোন ধরনের অনুমানকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও ২-এর সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬। দৃশ্যকল্প-১ : সকল খাবার হয় পচনশীল।

∴ কোনো খাবার নয় অপচনশীল।

দৃশ্যকল্প-২ : কিছু বাংলাদেশি খাবার হয় সুস্বাদু।

∴ কিছু সুস্বাদু খাবার হয় বাংলাদেশি খাবার।

ক. সরল আবর্তন কাকে বলে? ১

খ. 'O' বাক্যের আবর্তন সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ অমাধ্যম অনুমানের কোন প্রকারকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অমাধ্যম অনুমানের আলোকে দৃশ্যকল্প-১ ও ২-এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৭। দৃশ্যকল্প-১ :



দৃশ্যকল্প-২ :



ক. কারণ কাকে বলে? ১

খ. 'কারণ হচ্ছে শর্তের সমষ্টি'— ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ কোন প্রকারের কার্যসংশ্লিষ্টকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর গ্রহণযোগ্যতা কার্যকারণের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। দৃশ্যকল্প-১ : সকল পণ্ডিত ব্যক্তি হয় জ্ঞানী।

সকল শিক্ষিত ব্যক্তি হয় জ্ঞানী।

∴ সকল শিক্ষিত ব্যক্তি হয় পণ্ডিত।

দৃশ্যকল্প-২ : সকল পণ্ডিত ব্যক্তি হয় জ্ঞানী।

সকল জ্ঞানী ব্যক্তি হয় দূরদর্শী।

∴ কিছু দূরদর্শী ব্যক্তি হয় পণ্ডিত।

ক. সহানুমান কাকে বলে? ১

খ. মধ্যপদ সিদ্ধান্তে থাকে না কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপপত্তির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সহানুমানের নিয়মের আলোকে দৃশ্যকল্প-২ মূল্যায়ন কর। ৪

৯। দুই বন্ধু জয় ও বিজয় বলল, প্রকৃতির রহস্য বোঝা খুবই কঠিন। জয় বলল, যে পরিস্থিতিতে তুরস্ক ও সিরিয়ায় ভূমিকম্প হয়েছে অনুরূপ

পরিস্থিতি বাংলাদেশে হলে বাংলাদেশেও ভূমিকম্প হবে। এ কথা শুনে

বিজয় বলল, প্রকৃতিতে এমনি এমনি কোনো কিছু সংঘটিত হয় না।

প্রতিটি ঘটনার পিছনে কিছু না কিছু থাকে।

ক. আরোহের ভিত্তি কাকে বলে? ১

খ. যেকোনো অগ্রবর্তী ঘটনা কারণ নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জয়ের বক্তব্যে আরোহের ভিত্তির কোন কোন দিকটি ফুটে উঠেছে? ৩

ঘ. আরোহের ভিত্তির আলোকে বিজয়ের বক্তব্যের স্বরূপ বিশ্লেষণ কর। ৪

১০। কলেজ থেকে ফিরে শম্পা তার মাকে বলল, মা আজ আমি খুবই ক্লান্ত ও

তৃষ্ণার্ত। একথা শুনে মা বলল, তাড়াতাড়ি পোশাক পরিবর্তন করে

হাতমুখ ধুয়ে খেতে এস। বাবা বললেন, “তারপর সন্ধ্যায় আমরা

জন্মদিনের দাওয়াতে যাব।”

ক. বিধেয়ক কাকে বলে? ১

খ. 'বিধেয় ও বিধেয়ক ভিন্নতর'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বাবার বক্তব্য কোন প্রকারের বিধেয়ক নির্দেশ করেছে? বর্ণনা কর। ৩

ঘ. বিধেয়কের আলোকে উদ্দীপকে উল্লিখিত মা ও মেয়ের বক্তব্যের

আন্তঃসম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১১। সকল অধ্যাপক হন জ্ঞানী ব্যক্তি।

ড. ফরহাদ একজন অধ্যাপক।

∴ ড. ফরহাদ একজন জ্ঞানী ব্যক্তি।

ক. মাধ্যম অনুমান কাকে বলে? ১

খ. মাধ্যম অনুমানে আশ্রয়বাক্য দুটির মধ্যে অনিবার্য সম্পর্ক থাকতে

হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিফলিত পদগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. অবরোহ অনুমানের প্রকাশের আলোকে উদ্দীপকের বিশ্লেষণ কর। ৪